phenomenon, আর পড়্তে না জানা।—my goodness! সে আর বলে কাজ কি।—news paper খাওয়া দাওয়ার মধ্যে। না পড়লে হাঁই ওঠে গা বমি বমি করে, পেটের অসুখ হয়—এক কথায় সাফ হজম হয় না।

পরেশ। বলেন কি?

চম্পটি। বিলেতে lady'রা এতদূর educated হয়েছে যে আজকাল তাঁরা football পর্য্যন্ত খেলছে।

সুরেশ। [পরেশকে] আমার যে তাদের সঙ্গে একটা match দিতে ইচ্ছে হচ্ছে হে।—না উমেশ বাবু আর কথাটি নেই

উমেশ। তবেইত!

রমেশ। আবার তবেই ত কি?

পরেশ। হুঁঃ রেখে দাও—একটা নতুন হতো ত।

সুরেশ। হুঁঃ পরে যা হয় হবে; এখন একটা নতুন কিছু করো।

## বেগে বিনোদ বিহারীর প্রবেশ।

বিনোদ। মশায়, মশায় দেকেন দেকেন, আমারো মাইর‍্যা ফিইবে দিইছো।

চম্পটি। Assault? hurt? নালিশ করুন।

উমেশ। কে মাল্লে?

বিনোদ। ঐ দোকানদার।

রমেশ। কেন?

রমেশ। মশায়! educated হলে তা'রা কি কি শিখবে?

কলিকাতা।
৬৩ নং বেচু চাটুর্য্যের ষ্ট্রীট, "বসু প্রেসে"
জি, সি, বসু এণ্ড কোং কর্ত্তৃক মুদ্রিত।

জন্যে ত তারা বিধবার চুল বাঁধা, সাজগোজ করা, গহনা পরা এ সব নিষেধ করেছিল। তা তুমি ত শুনবে না—।

ইন্দুমতী। তা যদি না কর্ব্ব, তবে এ বিপুল সম্পত্তি ভোগ কর্ব্বে কে?

সরোজিনী। কেন? ভোগ কর্ব্বার লোক কি ছিল না? এই ধরো আমিই না কয় তোমার হয়ে' কষ্ট কোরে সেটা ভোগ কর্ত্তাম। ছেলে বেলায় আমার বাপ মা অভিভাবক সব মরে' গেল। এখন আমি যে লোমর্ত্ত হতে চল্লাম ত টাকা না থাকাতে আমার বিয়েই হোল না। আর তুমি বিধবা মানুষ, তোমার টাকার দরকার কি? তা, যত টাকা প.লো এসে তোমার হাতে। বিধাতার এমনি বিচারই বটে।

ইন্দুমতী। কি সখি তুমি বিয়ে কর্ব্বে?

সরোজিনী। তা কর্ব্বনা কি উপোষ কোরে থাক্‌বো? তবে বিয়ে হয় না কি করি—দায়ে পড়ে রায় মশায় হইছি।

ইন্দুমতী। তা আমি তোমার বিয়ের খর্চ্চা সব দেবো। তুমি বিয়ে করো;—তুমি কি কাউকে ভালোবাসো?—দীর্ঘ-নিঃশ্বাস ফেলছো কেন?

সরোজিনী। একদিন ভালোবাসতেম সখি।—আঃ
[ দীর্ঘনিঃশ্বাস ]

ইন্দুমতী। কাকে? সখি কাকে?

সরোজিনী। তা আর বলে' কি হবে। সে হবার নয়।

ইন্দুমতী। কেন সখি? সে কি তোমার ভালবাসা ফিরিয়ে দেয় নি?

সরোজিনী। না সখি।—ওঃ! [ দীর্ঘনিঃশ্বাস ]।

# উৎসর্গপত্র।

বাল্যবন্ধু শ্রীযুক্ত যোগেশ চন্দ্র চৌধুরী—

করকমলেষু।

যোগেশ!

তোমার উদার, অমায়িক ও বিশুদ্ধ চরিত্রের প্রতি আমার আন্তরিক শ্রদ্ধার নিদর্শন স্বরূপ এই নাটিকা খানি তোমাকে উৎসর্গ করিলাম।

বিলেতফের্ত্তা সমাজে যে অর্থলোলুপতা, কৃত্রিমতা ও বিলাসিতা প্রবেশ করিয়াছে—তাহা তোমাকে স্পর্শ করে নাই। তুমি নিজে বিলেতফের্ত্তা ব্যারিষ্টার হইয়াও এবং স্বকীয় অধ্যবসায় দ্বারা আর্থিক উন্নতিমার্গে উঠিয়াও সেই পূর্ব্বেরই মতন বিনয়ী সরল ও শুদ্ধাচারী আছ। এবং আমি যে মত এই গ্রন্থে প্রকাশ করিয়াছি, তুমি নিত্য বেশে, আচারে ও কার্য্যে তাহা দেখাইতেছ।

কলিকাতা
৬ই মাঘ। ১৩০৮।

ত্বদীয় অনুরক্ত
শ্রীদ্বিজেন্দ্রলাল রায়।

আমরা সাহেবি রকমে হাঁটি
স্পীচ দেই ইংরিজি খাঁটি;
কিন্তু বিপদেতে দেই বাঙালিরই মত
চম্পট পরিপাটি।

---

## তৃতীয় দৃশ্য।

স্থান—চম্পটি সাহেবের বসিবার ঘর। কাল—সায়াহ্ন। চম্পটি ও অন্য চারিজন বিলেতফের্তা আসীন।

চম্পটি। দেখ practice টা কিছুতেই জমাতে পাচ্ছিনে

পাঠক। তাতো দেখছি। তা এখন কি করবে ঠিক করেছো?

হাজরা। Muffussil bar join কর না।

চম্পটি। তাই ভাবছি। Alahabad যাবো?

চাকি। না হে না। কোথায় যাবে? এখেনে বোসে থাকো, আর Congress join কর, আর পারো ত একখানি কাগজ চালাও।

চন্দ্র। আরে সে ক্ষমতা থাকতো, তা হলে কি আর এতদিনে practice হোত না?

চম্পটি। চুপ রহো গাঁধা।—যাও শুয়োর! বাবুজিকো বোলাও;

বেহারা। যো হুকুম! [ প্রস্থান ]

চম্পটি। বাপের যা টাকা ছিল তা ত দিইছি ফুঁকে; এখন যা বাবুগিরি সেটা শুধু মুখে—আঃ বিনি পরিশ্রমে যদি practice হোত!—আগে তাইত ভেবেছিলাম যে উঠে জুলুম বলবো আর টাকা আনবো। তা case ই পাইনে, তা বলবো কি।—

নেপথ্যে। চম্পটি সাহেব বাবু আছেন নাকি?

চম্পটি। এঃ এ সেই গুলিখোর টা দেখ ছি। জ্বালালে।—এই বেয়ারা! বেহারা!

নেপথ্যে। চম্পটি সাহেব বাবু আছেন?

চম্পটি। Come in.

## বিনোদ বিহারির প্রবেশ।

চম্পটি। কি বিনোদ বাবু যে! What news!—

বিনোদ। আপনের কাছে আইলেম।

চম্পটি। তা ত দেখছি। কি, কোন case?

বিনোদ। আ আমারে জীরাইতে দ্যান! case case কৈরা যে ক্ষেপনের যোগারে আছেন দিখি! case ত আনাছিই।

চম্পটি। কি case? assault! tresspass! theft! rioting? ও rioting? এই যে একখানি প্রকাণ্ড পুস্তক বাহির করিয়া টেবিলের উপর রাখিয়া সজোরে পাতা উল্টাইতে লাগিলেন।] এই যে rioting এর section. "Who-

# নাট্যোল্লিখিত ব্যক্তিগণ

## পাত্র।

| | |
|---|---|
| উমেশচন্দ্র লাহিড়ী। | নব্যহিন্দু গণ। |
| রমেশচন্দ্র সেন গুপ্ত। | |
| পরেশচন্দ্র চন্দ্র। | |
| সুরেশচন্দ্র মিত্র। | |

গঙ্গারাম চম্পাটি ব্যারিষ্টার।

বিনদবেহারী চক্রবর্ত্তী ইন্দুমতীর দেবর (গুলিখোর)

## পাত্রী

| | | | |
|---|---|---|---|
| সুকেশিনী | ... | ... | উমেশের স্ত্রী |
| সুবেশিনী | ... | ... | রমেশের ,, |
| সুহাসিনী | ... | ... | পরেশের ,, |
| সুভাষিনী | ... | ... | সুরেশের ,, |
| ইন্দুমতী | ... | ... | নব বিধবা। |
| সরোজিনী | .. | ইন্দুমতীর সখী (সম্পর্কে ভগ্নী)। | |
| রেবেকা | ... | ... | চম্পাটির স্ত্রী |

---

ever"........[ বিনোদ বিহারি অসম্মতি প্রকাশক শিরঃসঞ্চালন করিলেন। ]

চম্পটি। Rioting নয়? তবে কি? hurt! confinement? murder? এই দেখুন এই Taylor's Medical Jurisprudence এ লিখছে—[আর একখানি পুস্তক পড়িয়া পাতা উল্টাইতে] —এই দেখুন—

বিনোদ। ক্ষান্ত করেন চম্পটি সাহেব। এ ঐ রকম case নয়। এ একটা মাইয়া মানুষ আর একটা পুরুষ মানুষের কইতে—

চম্পটি। Enticing away? adultery? rape?— Oh my! এ subject এ Snells এর Equity বলে একখান খুব ভালো বহি আছে।

বিনোদ। আহা বাস হলো কাকা। কইতে দ্যান না। জিগাইতে দ্যান।—ওঃ (দীর্ঘনিঃশ্বাস) শোনেন, কতাটি এই যে আমি বিয়ে কোর্তে চাহি কিন্তু আমার বেঠোঝাইন তো বিয়া কোর্তে দ্যান না।

চম্পটি। নালিশ করুন।

বিনোদ। নালিশ করুম কেমন কৈরা? এতে নালিশ করুম কিসের লইগে।

চম্পটি। কেন কর্বেন না। আপনাকে বিয়ে কর্তে দেবে না, আপনি নালিশ কর্বেন না? তবে এই Civil Court Criminal Court রয়েছে কি জন্যে? Penal Code তৈরি হইয়াছিল কি জন্যে?—Certainly নালিশ করুন। Pontifix's Marriage Act অনুসারে বেশ নালিশ চলে। এই দেখুন

[ ছিন্নবস্ত্র পরিহিত সন্তান চতুষ্টয়ের সহিত রেবেকার প্রবেশ। ]

রেবেকা। At last.

চম্পটি। এ কেরে? এ রেবেকা নাকি? না তার ভূত? নিশ্চয় তার ভূত।

রেবেকা। I am sure you are Mr. Champati.

চম্পটি। [ কাঁপিতে কাঁপিতে ] আমি চম্পটি ঠিকই বটে কিন্তু তুমি বাবা—নিশ্চয় রেবেকার ভূত। Ghost! Ghost! Ghost! murder murder!

রেবেকা। I am not a ghost. I am Rebecca your married wife.

চম্পটি। Really! [ কাঁপিতে কাঁপিতে ] By St Andrews খুব পাকড়েছেন। তবে—how did you find out my address, my angel?

রেবেকা। Never mind how—you wretch, you scoundrel, you most—

চম্পটি। দেখ অত superlative হঠাৎ বাহির হল!—By Jove!—you have grown quite old my beauty?

রেবেকা। And the child died.

চম্পটি। Did it?—poor child!

রেবেকা। Actually died of stavation.

চম্পটি। Really! well! you might just as well have done the same thing; it would do you good.

# প্রায়শ্চিত্ত।

## প্রস্তাবনা।



CHORUS.

নতুন কিছু করো, একটা নতুন কিছু করো ;
নাক গুলো কাটো, কান গুলো ছাটো,
পা গুলো সব উঁচু করে মাথা দিয়ে হাঁটো ;
খুব খানিক লাফাও, [illegible] খাও, ভড়ো ;
কিম্বা চিৎপাত হোয়ে পা গুলো সব ছোড়ো ;
ঘোড়া গাড়ী ছেড়ে এখন উটের ওপর চড়ো ;
নতুন কিছু করো একটা নতুন কিছু করো।

ডাল ভাতের দফা, কর সবাই রফা,
কর শাঁখাশির ধুতি চাদর নিবারিণী সভা ;
প্যান্ট পরো, কোট পরো, নইলে নিতে গেলে ;
ধুতি চাদর হয়েছে যে নিতান্ত সেকেলে ;
কাঁচকলা ছাড়ো, এবং [illegible] চপ্ ধরো ;
নতুন কিছু করো একটা নতুন কিছু করো।

উমেশ। তা মনে হতে স্বভাবতই পারে। কিন্তু এত জায়গা থাকতে আমি চুলোয় যাই কেন, সেইটে বুঝে উঠ্তে পাচ্ছিনে।

স্থকেশিনী। জানি [ ক্রন্দন ]।

উমেশ। অরে কি দায়! [ একবার উত্তরদিকে আর একবার দক্ষিণ দিকে তাকাইলেন ]।

স্থকেশিনী। জানি জানি!—হো হো। [ হুঃ হুঃ শব্দে ক্রন্দন]

উমেশ। এর এইবার hysteria হোলো। ও রকম কোরো না। hysteria হবে।

স্থকেশিনী। জানি! জানি! জানি—উঃহুহু। [ চীৎকার ]

উমেশ। ওঃ কি হাঙ্গাম!—[ একবার পূর্ব্বদিকে একবার পশ্চিম দিকে তাকাইলেন;—শোন [ গিয়া হাত ধরিলেন ]

স্থকেশিনী। যাও, আমি তোমার কথা শুন্তে চাইনে।

উমেশ। [ নিরুপায় ভাবে শয্যার উপর গিয়া বসিলেন ]

স্থকেশিনী। রোজ রোজ আমি তোমার জন্যে রাত জেগে জেগে, রাগ' থেকে, শরীর মাটী কোরে—

উমেশ। [ একবার নিজের শরীরের উপর একবার তাঁর স্ত্রীর শরীরের উপর দৃষ্টি পাত করিলেন। ]

স্থকেশিনী। হাঁ তুমি নিজেকে ভাবো ভারি কাহিল কিনা।

উমেশ। [ রসিকতা করিবার জন্য সস্মিত মুখে অগ্রসর হইলেন। ]

স্থকেশিনী। যাও তোমার হাসি আমার ভালো লাগে নাক।

কিম্বা সবাই ওঠো, টাউন হলে জোটো ;
নবধর্ম্ম প্রচার কর্ত্তে ইয়ুরোপে ছোটো ;
আমরা যেন নেহাইৎ খাটো হয়ে না যাই দেখো,
খুব খানিক চেঁচাও কিম্বা খুব খানিক লেখো।
Bain Mill ছাড়ো, আবার ভাগবত পড়ো।
নতুন কিছু কর একটা নতুন কিছু করো।

হয়েছি অধীর যত বঙ্গবীর ;
এখন তবে কাটো সবাই নিজের নিজের শির ;
পাহাড় থেকে পড়ো, সমুদ্রে দাও ডুব ;
মর্ব্বে না হয় মর্ব্বে,—একটা নতুন হবে খুব,
নতুন রকম বাঁচো, কিম্বা নতুন রকম মরো ;—
নতুন কিছু করো একটা নতুন কিছু করো।

আর কিছু না পারো, স্ত্রীদের ধোরে মারো ;
কিম্বা তাদের মাথায় তুলে নাচো—ভালো আরো।
একেবারে নিভে যাচ্চে দেশের স্ত্রীলোক ;
বি এ, এম এ, ছেড়ে দোয়াত, যা একটা কিছু হোক ;—
যা হয়—একটা করো কিছু রকম নতুনতরো ;
নতুন কিছু করো একটা নতুন কিছু করো।

# প্রথম অঙ্ক।

## প্রথম দৃশ্য।

স্থান উমেশ বাবুর বহির্ব্বাটি—কাল প্রভাত, উমেশ, রমেশ, পরেশ ও সুরেশ হতাশভাবে আসীন।

গীত।

সকলে। { ছ্যাঃ আর ভালো লাগে নাক প্রত্যহই একঘেয়ে,
মেউ মেউ করা যত সব বাঙ্গালির মেয়ে।

উমেশ। না জানে নাচ্‌তে, না জানে গাইতে,—

রমেশ। না জানে সৌখীনরকম চক্ষু তুলে চাইতে—

পরেশ। সভ্যরকম হাস্‌তে—

সুরেশ। সভ্যরকম কাশ্‌তে—

সকলে। জানে না;—

উমেশ। বিদ্যাবত্তায় একটি একটি হস্তিমূর্খ যেন;

রমেশ। না পড়েছে Shakspeare না পড়েছে Ganot;

পরেশ। Hockey Tennis খেল্‌তে,—

সুরেশ। দীর্ঘনিঃশ্বাস ফেল্‌তে,—

সকলে। জানে না—

উমেশ। Adam Smith এর political economy বলে না—

রমেশ। Malthus এর theory of population মানে না—

পরেশ। শাড়ী ঘুরিয়ে পর্‌তে—

সুরেশ। Bicycle এ চড়তে—

Jove—they are quite a regiment. কি কর্ব্বে ভেবে পাচ্ছিনে। কোথা থেকে একটা পুরোনো encumbrance আবার ঘাড়ের উপর এসে জুট্‌লো। Married স্ত্রী, তাড়িয়ে দেবার যো নাই। তার উপর এই ছেলেমেয়ে গুলো আসল দাবের উপর সুদের মত বাড়তেই চলেছে।—গলা টিপে মেরে ফেলা যায় না। এখন এই wife টাকে নিয়ে কি করা যায়? কেউ বলতে পারো?—আচ্ছা, উমেশ বাবু ত কাল এইছিলেন—যে তাদের wife গুলোকে educate কর্ত্তে যে এক জন mistress চাই। তা আমি ভাবছিলাম কি যে আমার wife ত তা পারে। By Jingo that is a good idea এখন রেবেকা স্বীকার হলে হয়। দেখি, জিজ্ঞাসা করি, রেবেকা রেবেকা?

রেবেকার প্রবেশ।

রেবেকা। কি dear!

চম্পটি। এই একটা মতলব কচ্ছিলাম কি—আঃ কি রকম করে কথাটা পাড়ি—হাঁ শোন—ছেলেপিলে গুলো ত জানো।

রেবেকা। কেন dear?

চম্পটি। এই না বুঝে—

রেবেকা। তা আমি কর্ব্ব?

চম্পটি। —আমি বলছিলাম কি যে হঠাৎ একটা ভারি সুবিধে হয়েছে।

রেবেকা। কি সুবিধা?

চম্পটি। এই রোজগারের একটা ফন্দি বার করেছি।

সকলে। জানে না—

উমেশ। Huxley Tyndal, Spencer, Mill এর ধার ও ধারে নাক—

রমেশ। Dynamics এর একটা আঁকও কষতে পারে নাক—

পরেশ। উল বোনা শিখতে—

সুরেশ। নাটক নভেল লিখতে—

সকলে। জানে না—

উমেশ। হাড় জালিয়েছে—

রমেশ। প্রকৃতি ধরে গেছে দাদা

পরেশ। যা বোলেছো—

সুরেশ। ঠিক্!

উমেশ। দেখ দেখি এই বিলেত ফের্তাদের গিন্নীগুলোকে; Society তে mix কর্ত্তে জানে—

রমেশ। শাড়ী ঘুরিয়ে পর্ত্তে জানে—

সুরেশ। চা খেতে জানে—

পরেশ। খবরের কাগজ পড়তে জানে—

উমেশ। একেই ত বলে স্ত্রী—

রমেশ। আহা—

পরেশ। বাঃ—

সুরেশ। কেয়াবাৎ!

উমেশ। না, যত কাঠের পুতুল—

রমেশ। ওঁচা!

পরেশ। জড়ভরৎ!

সুরেশ। সং!

সকলে। আঃ ছ্যাঃ—

[ ক্ষণেক সকলে নিস্তব্ধ হইয়া থাকিলেন ]

Macphersons Law of Mortgage পড়্‌তে তাদে আর আমাকে এত অবিশ্বাস কর্বে না।

রেবেকা। না dear আর অমি তোমাকে অবিশ্বাস কর্ব না। আহাহা আমার husband এর কি কোমল প্রাণ।

চম্পটি। তবে তুমি স্বীকার?

রেবেকা। আচ্ছা স্বীকার। কিন্তু you must mend your ways. মদ খেয়ে উড়িয়ে দিও না।

চম্পটি। না।

রেবেকা। আচ্ছা darling আমি স্বীকার হলাম। তাদে তুমি আমাকে ভালো বাস্‌বে?

চম্পটি। ভালো?—well I never! আমি তোমাকে ভালো বাসবো না? দেখো, আমি তোমাকে তাদে এমন ভালো বাস্‌বো যে কি আর বলবো।

রেবেকা। আচ্ছা, তবে আমি যাই, এখন খাবার যোগাড় দেখিগে। [প্রস্থান]

চম্পটি। হাঃ হাঃ হাঃ আমাকে কিন্তু রেবেকা সত্যি সত্যিই ভালোবাসে বোধ হচ্ছে। তা বাস্‌বে না? ঈশ্বর কি চেহারাটাই দিয়াছিলেন! [মুকুরে স্বীয় মূর্ত্তি দেখিয়া] বাঃ অবিকল যেন Apollo—তবে গোঁফ আছে এই যা। আচ্ছা গোঁফটা কামিয়ে ফেল্লে হয় না!—নাঃ কাজ নেই (প্রস্থান)

উমেশ। এখন উপায় ?

রমেশ। এ জন্মটা বৃথায় গেছে,—পর জন্মে দেখা যাবে।

পরেশ। আবার জন্ম হলে ত—

সুরেশ। হ্যাঁ যে পুণ্যের জোর—বলা ত যায় না,—

উমেশ। ওহে না হে না! একটা উপায় ভাবো—ভাবো—

পরেশ। [ ক্ষণেক চিন্তার পর ] আমি একটা উপায় ঠাউরেছি—

উমেশ। কি বল দেখি—

পরেশ। [ পার্শ্ব পরিবর্ত্তন করিয়া ] আমি বলছি কি, স্ত্রীগুলোকে টুঁটি টিপে মেরে ফেল্লে হয় না? আবার ভালো দেখে বিয়ে করা যাবে।

উমেশ। আরে তা হবে কেমন কোরে! শেষে কি খুনের মকর্দ্দামায় পড়বো?

পরেশ। তাও ত বটে।

রমেশ। স্ত্রীগুলো যদি নিজে বুদ্ধি কোরে মর্ত্ত ত অনেকটা সুবিধা হত।—তাও কি মর্ব্বে!

সুরেশ। নেভারইং অকবি! দেখো দিখি নগেন্দ্রকে please কর্ব্বার জন্যে কুন্দনন্দিনী কেমন টপাশ কোরে মোলো।

উমেশ। তবে কি করা যায়? কি বল সুরেশ।

সুরেশ। আমি বলি divorce—

উমেশ। আরে ছুন্দর divorce—হিঁদু আইনে কি divorce হয়?

রমেশ। তা'লে কি আর ভাবনা ছিল?

পরেশ। আহা ঋষিরা কি ভুলটাই কোরে গেছেন?

উমেশ। তুমি একটা ঠাওরাও দেখি রমেশ?

রমেশ। আমি বলি কি, —আর একটা কোরে কনে দেখে বিয়ে করা যাক না—শাস্ত্রেও আছে অধিকন্তু ন দোষায়।

পরেশ। না দাদা আমি ত উরি মধ্যে নেই।

উমেশ। কেন?

পরেশ। শরীরটাকে এখনো নাড়াচাড়া কোরে দিতে রাজি নই। তার উপর আর এক ভয় আছে?

উমেশ। কি?

পরেশ। বাবা এক স্ত্রীতেই বাড়িতে পুত্র কন্যার এক উপনিবেশ স্থাপন কত্তে হয়েছে। একাধিক স্ত্রী হলে কি বাবদের বাস হোতে দাঁড়াবে!

সুরেশ। আরে, প্রাণ কেন? এক ঘোড়া চালাতে পারো না, জুড়ি চালাবে—

উমেশ। তবে কি করা যায়—

রমেশ। আমি ত আগেই বলেছি এ জন্মটা বৃথাই গিয়েছে, পুনর্জন্মে দেখা যাবে।

পরেশ। তবেইত!

সুরেশ। [হতাশভাবে শিস দিলেন।]

উমেশ। এই যে মিষ্টার চম্পটি আসছেন—

রমেশ। দেখা যাক উনি যদি কোন উপায় বের কর্তে পারেন।

পরেশ। হাঁ, ওঁকে জিজ্ঞাসা করা যাক্—

সুরেশ। বেশ কথা!

[মিষ্টার চম্পটির প্রবেশ।]

উমেশ। বেশ! চাবি হারিয়ে বোসে আছ? বেশ!

সুকেশিনী। তাইত dear। চাবি?

[ উমেশের মুখের দিকে এক দৃষ্টে চাহিয়া রহিলেন ]

উমেশ। আমার মুখের দিকে তাকিয়ে রয়েছো কি—চাবি কি আমার মুখে আছে?

সুকেশিনী। আগে চাবি আঁচলে বাঁধা থাকতো; এখন ত আর আঁচল নেই, বাঁধি কোথা? রুমালে বেঁধে রেখেছিলাম, রুমাল শুদ্ধ কোথায় পড়ে' গিয়েছে।—রোস্,এবার সাড়ির একটা পকেট কোরে নিচ্চি।—খুব মোজা।

উমেশ। তা হবে খুব মোজা। কিন্তু আপাততঃ চাবিটা খুঁজলে বোধ হয় পাওয়া যায়।

সুকেশিনী। ও ঝি ঝি!—চাবিটা খোঁজ ত। তবে তুমি বোস। আমার Mrs. চাটার্জ্জির ওখানে engagement আছে। ঘড়ি দেখিয়া] এঃ late হয়ে গেছে আমি যাই। [ সবেগে প্রস্থান ]

উমেশ। [ কপালে হাত দিয়া হতাশা প্রকাশ বহির্গমনোদ্যত ]

পথে পরেশ রমেশ ও সুরেশের সহিত সাক্ষাৎ।

পরেশ। কি উমেশ বাবু কপালে হাত দিয়ে যে?

উমেশ। আর ভাই সে কথা বল কেন?

রমেশ। ব্যাপার খানাটা কি?

উমেশ। উপোষ।

সুরেশ। কেন?

উমেশ। এই to be or not to be that is the question রকম। তোমাদের কারো কাছে পয়সা টয়সা আছে?

## প্রথম দৃশ্য।

সকলে। Good morning চম্পটি সাহেব—

চম্পটি। Good morning my friends!—কি এখানে বোসে সব কচ্ছেন কি! what news?

### গীত।

উমেশ। হা হা মশয় আমরা সবাই পড়েছি এক ভাবনায়—

রমেশ। ভেবে দেখলাম আমাদের আর বেঁচে কোনই লাভ নাই—

পরেশ। মনোভারি দুঃখ, স্ত্রীরা গভুর্ন—

সুরেশ। ইচ্ছা হয় যে চলে যাই কটকে কি পাবনায়—

চম্পটি। Indeed!

উমেশ। এই শুনুন চম্পটি সাহেব, আমরা ভেবে দেখলাম যে স্ত্রীগুলোকে টুটি টিপে মেরে ফেলা যায় না।

রমেশ। Divorce ও করা যায় না—

পরেশ। আর একটা জোরে বিয়ে করাও পোষায় না—

সুরেশ। তবে করা যায় কি!

চম্পটি। By JUPITOR!—মোটে এই? এর ত সোজা solution হয়েই রয়েছে।

সকলে। কি রকম কি রকম!

চম্পটি। এই তাদের নামে মকর্দ্দমা করুন, civil suit লাগুন।

সুরেশ। হুঃ। কি solutionই কল্লেন—

রমেশ। মরে' যাই—

পরেশ। স্ত্রীর নামে আবার মকর্দ্দমা কি!

উমেশ। না তাও কি কখন হয়?

চম্পটি। হয় না বটে? Bombayর High Courtএ বড়ির

পরেশ। এই আমার কাছে আছে। কেন?

উমেশ। দাও ত ভাই। [ পয়সা গ্রহণ ]

রমেশ। হোল কি ?—

উমেশ। যা হবার তাই।—To be or not to be that is the question—

সুরেশ। ক্ষেপলেন না কি।

উমেশ। To be or not to be. চল আগে কিছু জল খাবার খেয়ে নিই, উদরের জ্বালা নিবারণ করি—পরে বলছি।

[ সকলে নিষ্ক্রান্ত ]

## CHORUS.

এ ত সবে কলির সন্ধ্যা—এখানে।
এখন কোথাকার জল কোথায় দাঁড়ায় কে জানে?
পুরুষ হবে স্বেচ্ছাচারী, নারী হবে স্বেচ্ছাচারী,
ফিরবে সবাই নিজের সুখের সন্ধানে।
হবেই হবে কলির জোরে ঋষিদিগের মত—
এই রকমটা লিখছে পুরাণ—দেবী ভাগবৎ—
"রৌপ্য হবে জীবের অস্ত্র, স্বার্থ কার্য্যের মূলমন্ত্র,
কোলাকুলি যেখানে আর সেখানে।
ধরা হবে ধান্যহীনা, দুগ্ধহীনা গাভী;
Civil court এ বিচার হবে ধর্ম্মাধর্ম্মের দাবী;
ব্রাহ্মণ ছেড়ে টীকা তারা করবে পরে পরের দাস্য;
পেটে অগ্নি মুখে হাস—সেখানে।"

একটা ruling আছে;—তা তবে মোকদ্দমা কোনো কাজের নেই; তবে আর এক চার্জ করুন।

সকলে। [সাগ্রহে] কি? কি?

চম্পটি। সে ভারি সোজা—ও হো হো হো—it is as easy as to drink a peg of whisky.

নরেশ। তবে ত এ নিশ্চয় খুবই easy—

চম্পটি। OH MY! এ যে যতই ভেবে দেখছি ততই সোজা বোধ হচ্ছে।

পরেশ। বলেন কি!

চম্পটি। ভারি সোজা!—By—Venus and Adonis—you have only to follow your nose.

সুরেশ। বটে? তার পর?

চম্পটি। Problem টা ত এই যে আপনাদের স্ত্রীরা uneducated? এই রকম ত?

সকলে। ঠিক ঐ রকম—

চম্পটি। Well! তা যদি হয়, ত তাদের educate করুন।

উমেশ। তা ত বটে—

নরেশ। এত ভারি সোজা!

পরেশ। এটা এতদিন আমাদের কারো মাথায় ঢোকেনি?

সুরেশ। কি আশ্চর্য্য?

উমেশ। কিন্তু মশায়! এত বয়সে কি আর তারা শিখতে পারবে?

চম্পটি। OH MY! খুব পারবে, দুবেলা পারবে, পাঁচশ পারবে—আপনারা Ainslie Evidence Act পড়েন নি বুঝি?

সরোজিনী। তিনি ত খৃষ্টান।

বিনোদ। হইলোই বা খৃষ্টান। প্রায়শ্চিত্ত কোর্ব্বেন্।

সরোজিনী। তিনি রাজি হয়েছেন?

বিনোদ। সেইটেই ত তোমার কোর্ত্তে হইবে। চম্পটি সাহেবের কাছে গিয়া তোমার এই কথা কৈতে হইবে। শুনি যে চম্পটি সাহেবেরও টাকার বড় দরকার আছে।

সরোজিনী। [ভাবিয়া] আচ্ছা। কিন্তু পরে যেন আমাকে ফাঁকি দিবেন না।

বিনোদ। [জিব কাটিয়া] বল কি দিদিমণি? তা কি আমি পারি? তুমি যদি এই কাম কোর্ত্তে পারো, ত তোমারে বিয়া করুম, বিয়া করুম, বিয়া করুম, তিন সত্য কোচ্ছি। এখন বিশ্বাস হল? তবে আমি এখন—মনে রখ যেন। [যাইতে যাইতে স্বগত] হুঁ হুঁ কেমন ফন্দি কোর্ছি? চম্পটি সাহেব আমারে মাইরা ফেলাইয়া দিয়া বড় ভালো কাম কচ্ছেন। আমি সাহেব সাইজা এক ভালো ব্যারিষ্টারের নিকট নালিশ কোর্ত্তে যাইয়া বড় ভালো খবর পাইছি। আমি, চম্পটি সাহেব আর বোঠাকুরাইন দুইয়ের জন্যে আক্কেল দিতে পারি কি না দেখুম—তবে যে কয়, বাঙ্গালের বুদ্ধি নাই—হাঃ হাঃ হাঃ [নৃত্য ও প্রস্থান]

সরোজিনী। এর মধ্যে নিশ্চয় একটা নিগূঢ় ব্যাপার আছে। সখীর বিবাহের জন্য ইনি এত চিন্তিত কেন?—ঈশ্বর জানেন। কিন্তু চম্পটি সাহেবের কাছে যাবো কি কোরে? এরই কাছে তাঁর নাম শুনেছি বটে। কিন্তু—তাইত—তা প্রেমের জন্য অনেক সময় অনেক দুঃসাধ্য সাধন কর্ত্তে হয়।

উমেশ। না।

চম্পটি। কি কি শিখবে? সব শিখবে। চল্‌তে, ফির্‌তে, নাচ্‌তে, গাইতে, হাস্‌তে, কাশ্‌তে, flirt কর্ত্তে, মূর্চ্ছা যেতে—

পরেশ। বলেন কি! মূর্চ্ছা যেতে ও শিখবে?

চম্পটি। Of course! Ladiesরা educated হলে' Hobhouse এর মতে মূর্চ্ছা যেতেই হবে।

সুরেশ। আমার মুখ দিয়ে কিন্তু লাল পড়ছে ভাই। কি বলেন উমেশ বাবু—আপনি ভাবছেন কি?

উমেশ। আমি ভাবছি যে তবে থাক্।

রমেশ। কি থাক্?

উমেশ। ঐ female educationটা;—আমার স্ত্রীর একেই hysteria আছে।

চম্পটি। Oh dear me!—সত্যি সত্যিই কি মূর্চ্ছা যাবে? সভ্য রকম ভাবে, সুবিধা হ'লে ও বিশেষ অন্য কোন কাজ না থাকলে,—এই,—by way of variety—একটু মূর্চ্ছা যাবে।

পরেশ। কি বল হে।

উমেশ। বলছি কি—যে তবে যেমন আছে থাক্‌না। কেঁচো খুঁড়তে সাপ বেরুবে? কাজ কি খুলে ঢাক্‌না।

সুরেশ। তুমি ত ভারি obstructive. এক্ষনি ঠিক হয়ে গেল যে শিক্ষিতা স্ত্রী নৈলে বেঁচে সুখ নাই।—আবার—বলুন ত চম্পটি সাহেব?

চম্পটি। তা আর বল্‌তে—By Hercules! উমেশ বাবু! যদি আপনি বিলেত যেতেন,—বিলেতে কোন ladyর গদ্যে কি পদ্যে লিখতে না পারাটা ভৌতিক ব্যাপারের মধ্যে—quite a

ইন্দুমতী। কি কর্ব্ব ভেবে পাচ্ছিনে। এদিকে আমার যৌবন ফুরিয়ে এল, পাকা রাস্তা ছেড়ে যেন এখন মেটে রাস্তায় এসে পড়েছি, আমার হৃদয়রূপ বাড়ি থেকে ক্রমে ক্রমে যেন বাসনারূপ চুণ খসে পড়ে' যাচ্ছে। আমার কি হবে সখি—আমি কি কর্ব্ব সখি।

সরোজনী। কি কর্ব্বে, ভাবো? বিয়ে করো। একটা বিয়ে করে—যদি দিন কতক সংসারটা ভোগ কর্ত্তে চাও; একটা বিয়ে বিয়ে করো।

ইন্দুমতী। বিয়ে?

সরোজনী। হাঁ সখি বিয়ে।

ইন্দুমতী। বিয়ে?

সরোজনী। বিয়ে নয়ত কি গুপ্তপ্রেম? সে বড় সাংঘাতিক ব্যাপার সখি। সে দিকে ঘেঁসোনা। বিয়ে করো।

ইন্দুমতী। বিয়ে কর্ব্বো?

সরোজনী। কর্ব্বে বৈ কি। এটা বুঝতে পাচ্ছ না। এ ত খুব সোজা বাঙ্‌লা। বিয়ে কর্ব্বে।

ইন্দুমতী। হাঁ তাওত বটে। বিয়েই'ত কর্ব্ব বটে। সেই আমাকে এতদিন কেউ বুঝিয়ে বলেনি। বিয়েই ত কর্ত্তে হবে বটে। সখি তুমি আমায় যে কি উপকার কল্লে তা আর কি বলবো।

সরোজনী। কেন সখি

ইন্দুমতী। মনের কথাটা টেনে বার করেছো। আমার মনে ও প্রস্তাবটা অনেকদিন থেকে উঁকি মেরে যাচ্ছে, কিন্তু প্রস্তাবটা আর একজনের কাছ থেকে এলে বেশী মিষ্টি লাগে। এই যেমন থেকে

কম্লে ইচ্ছা সত্বেও চাওয়া যায় না, কিন্তু আর একজন যদি বলে "আহা আর একটু খাওনা ভাই"— সেটা অমনি চট্ করে বোঝা যায় সেই রকম—সখি ঠিক বলেছ। বিয়েই কর্ব্বো কিন্তু পাত্র ?

সরোজিনী। পাত্র যোগাড় কর্ব্বার ভার আমি নিচ্ছি।

ইন্দুমতী। পার্ব্বে সখি পার্ব্বে ?

সরোজিনী। পার্ত্তে হবে বৈ কি—'ধাক্কিয়ে পড়ে' ঢেঁকি গেলে, আর আমি একটা ঘটকালি কর্ত্তে পার্ব্বো না ?

ইন্দুমতী। সখি তোমায় আর কি বলবো ? যেমন খেতে খেতে 'বিষম' লাগে, হাস্তে হাস্তে খিঁক ধরে, চল্তে চল্তে হুচুট খায় কথা কইতে কইতে আটকে যাচ্ছে। হাঁ বিয়েই ত। তাও ত বটে ঠিক।

[ প্রস্থান ]।

সরোজিনী। হয়েছে। পাখী শিকলি কেটেছে। তা আমি কি কর্ব্ব ? আমার দোষ কি। ও পাখী শিকলি নিজেই কেটেছে আমি কেটে দিইনি। আমি বরং ভাল কচ্চি। একটা ভদ্ররকম কিনারা কোরে দিচ্ছি।

[ নিষ্ক্রান্ত ]।

---

# তৃতীয় দৃশ্য।

স্থান—উমেশের গৃহাভ্যন্তর। কাল—দ্বিপ্রহর দিবা।

সুকেশিনী বক্তৃতা করিতেছিলেন

সুবেশিনী, সুহাসিনী, সুভাষিণী ও অন্যান্য রমণীগণ আসীনা।

সম্মুখে নাপিতানি বিস্মিতভাবে দণ্ডায়মানা।

সুকেশিনী। ভগিনীগণ বন্ধুগণ ও নরনারীগণ। আমি আজ উঠিতেছি, একণে বলিতে এক মহৎ বক্তব্য। আমাদের কথা

বিনোদ। এই গুলিইর পয়সার লইগো।

পরেশ। তুমি গুলি খেয়ে গুলির পয়সা দাওনি বুঝি।

বিনোদ। না।

সুরেশ। তাবে মার্কেই ত।

চম্পটি। কেন মার্কে? পয়সার জন্ত নালিশ করুক। civil suit আনুক। মার্কার right কি, চলুন ত দেখি। লোকটাকে identify কোরে, তার পরে তার নামে summons issue করাতে হবে, চলুন ত।

বিনোদ। আইসেন আইসেন। দ্যাকেন সাহেব! আমারে মাইর‍্যা গুরা কৈর‍্যা দিইছে। ঐ বেটা ঐ দারিওয়ালা।

[ বিনোদ বিহারীর সশব্যস্তে প্রস্থান ও কৌতূহল বশে অন্য সকলের তাঁহার পশ্চাদ্গমন। ]

নাপিতানী। ও মা! এরা মার্কে নাকি। [ পলায়ন ]।

সুকেশিনী। যাক্। আপদ গিয়েছে। পায়ে আলতাময়
পরা, সিঁথিতে সিঁদূর পরা, কোমরে চন্দ্রহার পরা—সে দিন গিয়েছে
বিংশ শতাব্দীর প্রারম্ভে সেকেলে প্রথা আর শোভা পায় না।
এখন আমরা মল আলতার বদলে জুতো মোজা, চন্দ্রহারের বদলে
ফিতে, এবং সিঁদুরের বদলে পাগড়ি, পরে থাকি।

[ ধোপানীর প্রবেশ ]

ধোপানী। কাপড় দেবা না?

সুকেশিনী। ঐ বেয়ারার কাছে যাও সে দেবে খনি—

ধোপানী। কেন? তোমার দিতে কি হোলো?

সুকেশিনী [ গম্ভীর ভাবে উঠিয়া ] Ladyর কাজ কি কাপড়
ধোপাবাড়ি দেওয়া?

ধোপানী। ওমা কি অধর্ম্ম!—

সুহাসিনী [উঠিয়া গম্ভীর ভাবে] Lady তে যে ধোপার বাড়ি
কাপড় দেবে—ভাই ধোপানী হে ভারতের সে দিন আর নাই।

ধোপানী। ওমা! এরা এইরকম—বিঙ্গী হয়েছে। আ
মোলো।

সুভাষিনী। ধোপানী! তোমার manners খুব up to date
বোলে বোধ হচ্ছে না? এই manners এর বহিখান নিয়ে
যাও। পোড়ো! [ পুস্তক প্রদান ]

ধোপানী। আ পোড়া কপাল! [ প্রস্থান ]

সুকেশিনী। Ladyর কি কাজ করা পোষায়, এই চেহারাখানা
কি কাজ কর্বার জন্যে তৈরি হয়েছিল?—এই নাক, এই পদ্ম-
পলাশনেত্র, এই আকর্ণবিশ্রান্ত ভ্রূ এই—এই বিলম্বিত বেণী, এই

# দ্বিতীয় দৃশ্য।

স্থান—ইন্দুমতীর বসিবার ঘর। কাল অপরাহ্ন,

ইন্দুমতী ও সরোজিনী।

ইন্দুমতীর গীত।

মনের বাসনা মনে বুঝিবা রহে যায়।
পথ চেয়ে চেয়ে বুঝি বেলাটি বয়ে যায়॥
বহে শুধু সমীরণ করুণ মর্ম্মর তানে,
আসেনি আসেনি সে এ বারতা কয়ে যায়।
ফিরে যাই শূন্য ঘরে নিরাশ হুতাশে।
ধীরে ডুবে যায় রবি সন্ধ্যা হয়ে আসে॥
ধিক ধিক এ জীবন ধিক এ জনম মোরি;
এ যৌবন বুঝি সখি বিফল হয়ে যায়॥

সখি সখি! তুমি কথা কচ্ছনা যে?

সরোজিনী। সখি আমি বাক্‌শক্তি রহিত হইছি।

ইন্দুমতী। কেন?

সরোজিনী। এই তোমার ভাবগতিক দেখে। বিধবা মানুষ, কোথায় পূজা আর্চ্চা কর্ব্বে, ঠাকুর দেবতা মানবে, ব্রত একাদশী কর্ব্বে। না কেবল যত সব সৃষ্টিছাড়া কথা।

ইন্দুমতী। কি কর্ব্ব সখি, আমার মন প্রবোধ মানে না যে।—আমার প্রাণটা যে কি রকম কর্‌ছে তা ত তুমি বুঝতে পাচ্ছনা।

তন্বী দেহলতা—সংক্ষেপে জগতে অতি দুর্লভ যে রমণীরত্ন—এ অপূর্ব্ব রূপরাশি কি কাজ কর্ব্বার জন্য সৃষ্ট হইয়াছিল? বাটনা বাটবার জন্যে কি এ বাহুবল্লী, ঢেঁকিতে পাড় দেবার জন্যে কি এ বৃন্তাঙ্গ, না উনোনে ফুঁ দেবার জন্যে এ বিম্বোষ্ঠ নির্ম্মিত হইয়াছিল?

অন্যসকলে। কখনো না।

ময়রার প্রবেশ। জামাইতত্ত্ব লেডি ক্যানিং দেখ্‌তে কালো কিছিম্ত—

[ সকলে সক্রোধে ময়রাকে মারিতে ধাবমান হইলেন ও ময়রা মিষ্টান্ন পাত্র ফেলিয়া সভয়ে উর্দ্ধশ্বাসে পলায়ন করিল পশ্চাৎ পশ্চাৎ নব্য হিন্দুরমণীর ধাবমান ভাবে নিষ্ক্রান্ত ?

---

## চতুর্থ দৃশ্য।

স্থান—চম্পাটির drawing room কাল দ্বিপ্রহর দিবা

চম্পাটি ও রেবেকা।

### গীত।

রেবেকা। আমি চিরকাল unmarried থাকতাম যদ্যপি—সেটা—

চম্পটী। It would have been far preferable 't would have been much better.

রেবেকা। তোমায় marry করা was an act of great mistake for me.

সরোজিনী। কি রকম শুনি।

ইন্দুমতী। এই কি রকম জানো? যেমন কারো গান গাইবার ইচ্ছে আছে অথচ গলা নেই, হাসবার ইচ্ছে আছে অথচ দাঁত নেই, সিঁথি কাটবার ইচ্ছে আছে অথচ মাথায় চুল নেই, বাবুগিরি কর্ব্বার ইচ্ছে আছে অথচ হাতে পয়সা নেই, আমাদের কেরাণি জাত বাগ্মীর ইচ্ছে আছে অথচ মনের সাহস নেই।—আমি যেন কি রকম হইছি।

সরোজিনী। কি রকম হয়েছো?

ইন্দুমতী। কি রকম হইছি জানো? যেমন শীতকালে আমড়া গাছে পাতা থাকে না, গ্রীষ্মকালে বেহার অঞ্চলের মাঠে ঘাস থাকে না, বর্ষাকালে কলকাতার রাস্তায় রাস্তা থাকে না—অনেকটা সেই রকম; যেমন সকাল বেলায় কুলি তামাক খায় আর ঝিমোয়, দুপর বেলায় চাষা গাছ তলায় ঢোঁকে আর চিঁড়ে খায়, সন্ধ্যেবেলায় জ্বরো রোগী শুয়ে শুয়ে ডাক্তার আর কি করে ভেবে পায় না—সেই রকম।

সরোজিনী। আহা! অবস্থা বড় সঙ্গিন হয়েছে বলতে হবে।

ইন্দুমতী। সখি আমি কি কর্ব্ব? আমার মন যে বাতাসে কলাগাছের পাতার মত কম্পন হয়েছে, চড়ুই পাখীর মত উড়ু উড়ু কচ্ছে, নবপ্রসূত বাছুরের মত দিগ্বিদিক জ্ঞানশূন্য হয়ে ছুটে ছুটে বেড়াচ্ছে। আমার কি হবে সখি?

সরোজিনী। এরকম অবস্থায় যা হয়ে থাকে।—মন উড়ু উড়ু কর্ব্বে না? দিবারাত্রি খাচ্ছ দুধ আর ঘি আর পোলাও। তা আর মন উড়ু উড়ু কর্ব্বে না? সাধে কি ঋষিরা আলোচাল আর কাঁচকলা হিন্দু বিধবার খাওয়ার ব্যবস্থা করিছিল? তারি

রেবেকা। I thoroughly agree.—

চম্পটি। I thoroughly agree—

উভয়ে। In this view of the case, my love!

I thoroughly agree.

চম্পটি। কি বল dear?

রেবেকা। কি আবার বলবো! এখন উপায় দেখ—to make both ends meet.

চম্পটি। They will meet ইংরাজিতে বলছে যে Extremes alweys meet [হাস্য উদ্দেশ্যে দন্ত বাহির করিলেন!]

রেবেকা। তুমি ভাবছো যে খুব রসিকতা কচ্ছ। কিন্তু তাতে ত আর পেট ভরে না—

চম্পটি। তা নিশ্চিত! বাঙ্গালাতে বলে শুধু কথায় চিঁড়ে ভেজে না।

রেবেকা। আমাকে ত তারা এ চাকরি থে'কে ছাড়িয়ে দিলে; তারা এখন Shakespeare পড়ছে, Binomiel Theorem কসছে, Political economy.র principles master কচ্ছে। আমার ত অতদূর বিদ্যে নেই! আমার mother-tongue যে ইংরেজি তা তাদের শিখেইচ্ছি। আর কি কর্ব্ব!

চম্পটি। তা বটে। তুমি আর কি কর্ব্বে। এখন তোমার ইচ্ছে বোধ হয় যে আমি কিছু করি।

রেবেকা। তুমি কিছু কর্ব্বে না? তুমি man আমি চিরকাল রোজকার করব আর তুমি চিরকালটা বোসে বোসে খাবে ঠিক করেছো?

চম্পটি। আমার মতলবটা কতক ঐ রকমই ছিল বটে।

রেবেকা। Shame!

চম্পটি। তুমি যদি আমাকে না খেতে দিতে পার্বে তবে বিয়ে করেছিলে কেন?

রেবেকা। আমি তোমাকে খাওয়াবো! O dear dear! স্ত্রী কি স্বামীকে বোসে বোসে খাওয়ায়!—

চম্পটি। আলবৎ! স্ত্রীর মত স্ত্রী হলেই খাওয়ায়!

রেবেকা। তা ও আমি এক দিন সাধ্য মত করেছি। তা তুমি ত তার আদ্ধেক মত দেখেই উড়িয়ে দিলে!

চম্পটি। তা দেবো না? আর তুমি যে স্বর্গে যাবে! তখন কি আমাকে সঙ্গে কোরে নিয়ে যাবে?

রেবেকা। স্বর্গে যাবো? How?

চম্পটি। এই আমাকে খাইয়ে দাইয়ে যে পুণ্য কচ্ছ সেই পুণ্যবলে স্বর্গে যাবে না?

রেবেকা। Indeed! I don't want it.

চম্পটি। তোমার যেতেই হবে।

রেবেকা। কক্ষণ স্বর্গে যাবো না. Never! ঐ plea করে' তুমি বোসে বোসে খাবে এই ঠিক করেছো। আমি বুঝতে পেরেছি!

চম্পটি। পেরেছো না কি! তোমার খুব বুদ্ধি ত—তা যখন darling!—সেটা বুঝতেই পেরেছো, তখন আর তা গোপন করবো না। আমি সত্যি বলছি, যে কাজ কত্তে গেলেই আমার মাথা ধরে।

রেবেকা। মিথ্যে কথা।—It is a lie

চম্পটি। হাঁ ওটা lie বটে, কিন্তু ঐ বোসে-সেটা আমার

চম্পটি। হাঁ হাঁ তা বটে। তার পর।

সরোজিনী। একটা কদম গাছ, বুঝলেন?

চম্পটি। হাঁ বুঝলাম বৈকি, একটা কদম গাছ।

সরোজিনী। কদম গাছ।

চম্পটি। [সঙ্গে সঙ্গে] গাছ—

সরোজিনী। সেই কদম গাছের পাশে একটা ময়রার দোকান।

চম্পটি। দোকান।

সরোজিনী। সেই দোকানের সামনে বাগানওয়ালা বড় বাড়ি।

চম্পটি। বুঝিছি। আর বল্‌তে হবে না। কটার সময়?

সরোজিনী। এই বিকেল ৪ টে।

চম্পটি। বাঃ ঐ সময় ঠিক আমার leisure আছে বটে। তা case টা কিসের? will-case বুঝি?

সরোজিনী। তা সেখানেই শুনবেন এখন—

চম্পটি। আচ্ছা।—আমার আজ নাকে নিঃশ্বাস ফেলবার অবসর নেই।—তা যাবো। Widowর case কি না। তা হোক। ঠিক যাবো।

সরোজিনী। হাঁ যাবেন আর চেহারা খানা মেজে ঘসে যাবেন।

চম্পটি। এঁ্যা।—চেহারা!—তার সঙ্গে case এর কি সম্বন্ধ?

সরোজিনী। আছে। দেখ্‌তে পাবেন। এখন তবে আমি।

বিনোদ। বিয়ার জোগার তুমি কোর্বা না তবে আমিই করুম! ক্যারে ডর? আমার দাদার টাকা পাইয়া তুমি মাইয়া লোক বরমাইনদি কোর্তেছ না? আর স্ত্রীর টাকা দিয়া আমি বরমাইনসি করুম এতেই দোষ? কহত বিয়াইন। কহত!— অমন কৈরা আমার দিকে চাও ক্যান্।

সরোজিনী। আঃ! [ দীর্ঘনিঃশ্বাস ]।

বিনোদ। কি কও?

সরোজিনী। উঃ! [ ভঙ্গীসহকারে উপবেশন ]।

বিনোদ। তোমার চাওনি ত ভালো ঠেক্‌না। [ প্রস্থান ]

সরোজিনী। বুঝলে না? বুঝলেনা না? ওঃ—[ প্রস্থান ]

---

## CHORUS.

আমরা বিলেত ফের্তা ক'ভাই,
আমরা সাহেব সেজেছি সবাই;
তাই কি করি নাচার, স্বদেশী আচার
করিয়াছি সব জবাই।

আমরা বাংলা গিয়েছি ভুলি,
আমরা শিখেছি বিলিতি বুলি,
আমরা চাকরকে ডাকি "বেয়ারা"—আর
মুটেদের ডাকি "কুলি"।

"রাম" "কালীপদ" "হরিচরণ"
নাম এ সব সেকেলে ধরণ
তাই নিজেদের সব "ডে" "রে" ও "মিটার"
করিয়াছি নাম করণ

চম্পটি। অচ্ছা—Good bye madam.

[ সরোজিনীর প্রস্থান ]

চম্পটি। এ কি রকম case বোঝা যাচ্ছে না। Illicit love নাকি? তা খুঁজে খুঁজে খুব লোক পাকড়েছে ত—এই চেহারা! আর কিছু নয়। এই চেহারা খানা নিয়ে আমি ব্যতিব্যস্ত হয়েছি। যে দেখে সেই কি love এ পড়ে। I am quite disgusted with this চেহারা। [ প্রস্থান ]

---

গীত।

নাপিতানী। ওমা আমি কোথা যাব।
মালিনী, গোয়ালিনী ও ময়রানী। কি হয়েছে ভাই?
ধোপানী। কি হবে মা!
মালিনী, গোয়ালিনী ও ময়রানী। কেন?
মেছুনী। ওমা! লজ্জা সরম কিচ্ছু নাই!
মালিনী, গোয়ালিনী ও ময়রানী। কি হয়েছে ভাই?
নাপিতানী। কপালে ঝাঁটা!—
ধোপানী। ছিকলো ছি!—
মেছুনী। মুখে আগুণ!—
মালিনী, গোয়ালিনী ও ময়রানী। হোল কি?
নাপিতানী। লজ্জায় মরি!
মালিনী, গোয়ালিনী ও ময়রানী। হয়েছে কি?
মেছুনী। হয়েছে যা হবার তাই!
মালিনী, গোয়ালিনী ও ময়রানী। কি হয়েছে ভাই?—
নাপিতানী। নয়ত এয়া মেথরানী কি মুদ্দফরাস হাড়ি—
ধোপানী। মুটে মোসলমানও নয়!
মেছুনী। এ ভদ্র লোকের বাড়ি!

আমরা সাহেব সঙ্গে পটি,
আমরা মিষ্টার নামে রটি,
যদি "সাহেব" না বোলে "বাবু" কেহ বলে
মনে মনে ভারি চটি।

আমরা ছেড়েছি টিকির আদর,
আমরা ছেড়েছি ধুতি ও চাদর,
আমরা হ্যাট বুট আর প্যান্ট কোট পোরে
সেজেছি বিলাতি বাঁদর!

আমরা বিলাতি ধরণে হাসি,
আমরা ফরাসি ধরণে কাশি,
আমরা পা ফাঁক করিয়া সিগারেট খেতে
বড্ডই ভালবাসি।

আমরা হাতে খেতে বড় ডরাই,
আমরা স্ত্রীকে ছুরি কাঁটা ধরাই,
আমরা মেয়েদের জুতো মোজা দিদিমাকে
জ্যাকেট কামিজ পরাই।

মোদের সাহেবিয়ানার বাধা,
এই যে রংটা হয় না সাদা,
তবু চেষ্টার ত্রুটি নেই 'ভিনোলিয়া'
মাখি রোজ গাদা গাদা।

আমরা বিলেত ফের্তা ক'টায়,
দেশে কংগ্রেস আদি ঘটাই;
মোদের সাহেব যদিও দেবতা, তবু ও
সাহেব ভালোই চটাই।

আমরা করিনে কাহারে ডর, আমরা করিনে কাহারো চামি ;
আমরা রাখিনে কাহারও তঙ্কা আমরা করিনে কাউরে কেয়ার ;
এ ভবমাঝে সবই ফাঁকা —জেনেছি আমরা পাঁচটি এয়ার ।
কেন, নদীর জলে কাদা, আর সাগর জলে নুন ? —
পাছে, মেলা সাদা জল খেয়ে হয় মানুষগুলো খুন ।
কেন, তুমি হলে নাক কবি হলো সেক্সপীয়ার ?
আরে সে সব কথা কাজ কি বোলে' ;—আমরা পাঁচটি এয়ার ।
কেন, দেবতা দিল তাড়িয়ে দৈত্যে বল কোন্ দাদা ?—
কারণ দেবতা খেত লাল পানি আর দৈত্য খেত সাদা ।
এ ভবারণ্যের ক্ষেত্রে এমন সুহৃদ আছে কে আর ?
এ জীবনের যা সার বুঝেছি—আমরা পাঁচটি এয়ার ।
মোদের দিও নাকো কেউ গালি, মোদের কোরো নাক কেউ মানা,
আমরা, খাব নাক কারো চুরি কোরে দুগ্ধ ননী, ছানা ;
শুধু লুটিব একটু মজা, শুধু করিব একটু পেয়ার ;
শুধু নাচিব একটু গাইব একটু—আমরা পাঁচটি এয়ার ।

---

[ গাইতে গাইতে অন্যান্য নব্যহিন্দু রমনীসহ সুকেশিনী, সুবেশিনী, সুহাসিনী, সুভাষিনীর প্রবেশ । ]

আমরা পাঁচটি এয়ার দাদা আমরা পাঁচটি এয়ার, ইত্যাদি ।

উমেশ । [আশ্চর্য্যভাবে পিছনে হস্ত দিয়া মাটি আঁকড়াইয়া ধরিলেন ]

রমেশ । [ অবিশ্বাসীভাবে মুখব্যাদন করিয়া রহিলেন ]

পরেশ । [ জাতি আর রৈল না দেখছি ভাবে হস্তদ্বারা হতাশা প্রকাশ ]

সুরেশ। [ নিরুপায়ভাবে উঠিয়া একপার্শ্বে দণ্ডায়মান ]

সুকেশিনী। এই যে রাত অনেক হয়েছে, তাঁদরা এখন বাড়ি যাও। আমরা একটু খাই। [ গ্লাসে মদ্য ঢালিলেন ]

সুকেশিনী। সুভাষিনী ঐ বোতলটা এদিকে সরিয়ে দাও ত।

সুহাসিনী। চাঁদরা হাঁ কোরে চেয়ে রয়েছো কি—

সুভাষিনী। ভয় নেই। আমরা সত্য সত্যই কিছু আর সুরাপান কচ্ছিনে।

সুরেশ। না তা কর, তাতে আর দোষ কি—

সুকেশিনী। না আপনারা যতদূর চলিয়েছেন, আমরা ততদুর চলাচ্ছিনে।

রমেশ। বড় বেশী বাঁকি রেখেছো কিনা।

সুকেশিনী। আমরা শুদ্ধ দেখতে চাই যে আপনারা যা ইচ্ছা তাই করবেন আর আমরা যে অন্তঃপুরে বন্ধ থাকবো তারতো সে দিন আর নাই।

উমেশ। নেও—স্বাধীনতা দেবার কথা হচ্ছিল না? এরা তার আর বড় অপেক্ষা রাখলেন না। নিজেই স্বয়ং নেছি।

সুহাসিনী। আমরা আর আপনাদের হস্তে পুতুল হয়ে থাকবো না।

পরেশ। তবে কি কর্বেন ঠিক করেছেন?

সুভাষিনী। আমরা আপনাদের আজ্ঞাবহ দাসী হয়ে থাকতে চাহি না।

উমেশ। আপনারা কি চান ।, তা ত বল্লেন, এখন কি কাজ দেখাবো শুনি।

চক্রবর্তি। পরিশ্রম কোরে যদি খেতে হয় ত bar ছাড়লো কেন?

পাঠক। নৈলে তুমি কি বিবেচনা করেছো যে বিনি পরিশ্রমে টাকা আসবে?

হাজরা। না। উনি ভেবেছেন যে টাকা গুলো আঙ্গুরের ফলের মত গাছে ফলে রয়েছে উনি গাছতলায় হাঁ করে শুয়ে থাকবেন আর ওঁর মুখে এসে টপ টপ কোরে পড়বে।—

মিঃ চক্র। এই যেমন তোমার মুখে এসে পড়েছে।

মিঃ পাঠক। হাঁ এখন দেখা যাচ্ছে যে বিনি পরিশ্রমে টাকা রোজগার করবার পন্থা এক রকম আছে।

চক্রবর্তি। কি রকম?

পাঠক। এই একটা বিয়ে করা like Mr. Hazra.

চক্রবর্তি। বিয়ে কর্ব?—তাইত! well!— বিয়ে কর্ব? তা সে এক রকম মন্দ নয়।

চক্র। Offer yourself to the highest bidder—যা পাও।

চাকি। না হে, এক সুবিধে আছে। নিউটন কর্মকারের এক handsome daughter আছে। আর তিনি যে dowry offer করেছেন তা আবার তার চেয়েও handsome. He has offered Rs. 25,000 in cash for a thoroughbred stallion—You—old chap—are not a bad one.

চক্রবর্তি। সত্যি না কি? By the holy prophet! তবে যোগাড় কর না হে। বোলো আমি রাজি।

চাকি। বল কি হে! সে কিন্তু bridegroomকে দশ জায়গায় বাজিয়ে নেবে।

পদ্য পদ্য লিখছে সবাই কিনছে না ক কিন্তু কে'ই ;
কাটছে বটে পোকায় কিন্তু আলমারি কি সিন্দুকেই

অহরচন্দ্র গোকুলমাইতি বাড়ছেন লম্বা চওড়াতে ;
বিদ্যারত্ন দরকার শুধু বিয়ের মন্ত্র আওড়াতে।

পুরুষরা সব শুনছে বসে মেয়েরা সব জমকাচ্ছে,
গাচ্ছে এমনি তানকানা যে শুনে তা পাঁঠা চমকাচ্ছে
রাজা হচ্ছে শিষ্টশান্ত প্রজা হচ্ছে জবর্দ্দার,
মুনিব কচ্ছে আজ্ঞা হুজুর চাকর কচ্ছে খবরদার।

রাধাকান্ত রঙ্গমঞ্চে নাচছেন গিয়ে আনন্দে ;
বাবা কাচ্ছেন তিন্দুবর্ণ হরি বোল আর প্রাণের দে ;
শাক্তীবর্গ কেনই শাস্ত্রের ধারেন না এক বর্ণ ধার,
স্ত্রীরা হচ্ছেন ভবার্ণবে বেশী মাত্রায় কর্ণধার।

---

## দ্বিতীয় দৃশ্য।

স্থান—উমেশের বহির্ব্বাটি। কাল—সন্ধ্যা।

উমেশ ও সুকেশিনী।

সুকেশিনী। মেয়ের বিয়ে আবার কি ?

উমেশ। সেটা ত দিতে হবে।

সুকেশিনী। দিতে হবে, সে নিজে কর্বে।—পাখা কর ? বড় গরম।

উমেশ। [পাখা করিতে করিতে] সে যদি না করে।

সুকেশিনী। না করে না কর্বে—জ্বালাটা চুকে যাও।

উমেশ। [আদিষ্টবৎকরিয়া] কর্বে কি না কর্বে—তা আ—ও ত দরকার।

হাজরা। হাঁ দাঁত টাঁত দেখে নেবে বৈকি। টাকা দেবে, দেখে নেবে না?

চম্পটি। তা হোক্। বোলো হে Barkis willing.

চাকি। Go-ahead old chap! my sympathies are with you.

পাঠক। [ঘড়ি দেখিয়া] এঃ late হয়ে গেল! come let's be off, we have got an engagement.

হাজরা। হাঁ হাঁ ওঠো। কাল এখানে dinner এর engagement পাক্কা ত!

চম্পটি। Certainly.

অন্যান্য বিলেত ফের্ত্তাগণ। Very well then. Ta ta [প্রস্থান]

চম্পটি। এরা খানা একটা পেলে হয়। নিশ্চয় এরা পূর্ব্ব জন্মে রাক্ষস ছিল। এক এক জন খায় যেন ওদের সমস্ত শরীরই টা stomach. আমি ত drink কোরে খাবার আর অবসর পাইনে। এতটুকু ত পেট, তা যদি খেয়েই ভরিয়ে দেবো ত drink কর্ব্ব কোন জায়গাটায়। কিন্তু আর যে বেশীদিন ওঁদের dinner যুগিয়ে উঠতে পাচ্ছি তা ত বোধ হ্যায় না।—এই বেয়ারা-বেহারা-এই কোই হ্যায়?

বেহারার প্রবেশ।

চম্পটি। You damned rascal! জবাব নেহি দেতা হ্যায় কাহে?

বেহারা। হুজুর।—

তোমার বাড়ি হোয়ে এলাম। কি মিষ্টার সেন গুপ্ত যে এখানে?

রমেশ। [ গম্ভীর বিরক্ত স্বরে ] হাঁ তাই কি?

সুহাসিনী। লাহিড়ী — আর মিসেস লাহিড়ী যে চুপ।

উমেশ। কি আর বলবো দিদিঠাকরুণরা, এই আপনাদের গতিক দেখে।

সুহাসিনী। চল সুকেশিনী চল সুকেশিনী। Late হয়ে যাচ্ছ। আমার husband বাড়িতে। আমার আসাতে তাঁর ভারি আপত্তি। তা আমি তাঁকে বুঝিয়ে সুজিয়ে ঘুম পাড়িয়ে রেখে এলাম।

উমেশ। বেশ কোরেছ। উপযুক্ত স্ত্রীর কাজই করেছেন।

[ ঊর্দ্ধশ্বাসে পরেশের প্রবেশ ]

পরেশ। কৈ? কৈ?

উমেশ। কে? কে?

সুকেশিনী। স্ত্রীকে খুঁজছেন নাকি? এই যে তিনি। ভয় পাবেন না।

সুহাসিনী। কি? ঊর্দ্ধশ্বাসে আমার পিছনে পিছনে ছুটেছো বুঝি?—একটু Decency'ও নেই।

পরেশ। কি করি তোমরা যা কোরে তুলোছো।

ক্রুদ্ধ বাগ্বিতণ্ডা করিতে করিতে সুরেশ ও সুভাষিনীর প্রবেশ।

সুরেশ। কভি নেই।

সুভাষিনী। আলবৎ।

সুরেশ। নেহি হোগা। যানে নাই দেগা।

সুভাষিনী। চুপ রহো।

অঙ্গ সকলে। কি? কি? হয়েছে কি?

সুরেশ। বসন্ত বাবুর স্ত্রীর party তে আমার wife কে আমি যেতে দেবো না।

সুভাষিনী। আমি যাবোই।

সুরেশ। কেমন যাও দেখি।

সুভাষিনী। কেমন রোকো দেখি।

পুরুষগণ। না, এখন তা হবে না।

নারীগণ। এঃ! হবেনা বৈ কি!

[ নারীগণের প্রস্থান ]

[ নব্য হিন্দুরা বিস্ময়ে হতবুদ্ধি হইয়া ক্ষণেক নিস্তব্ধ হইয়া হাঁ করিয়া রহিলেন ]

উমেশ। তাইত তাইত। ব্যাপারটা ক্রমই গুরুতর হয়ে দাঁড়ালো হে।

রমেশ। তা আর বোলে। দেখ দেখি এঁরা যখন খুসী, যেখেনে খুসী যাবেন। আর আমরা গেলেই যত দোষ;

পরেশ। [ নরিয়াভাবে ] থাক্ না। কি কর্বে? ভাত রেঁধে দেবে না! বাস্ চিঁড়ে খেয়ে থাক্বো।

সুরেশ। না হে না শুধু চিঁড়ে নয়; ঈশ্বর ছাড়া কাণ দিইছি ন তা যে আর থাকে, তা ত বোধ হচ্ছে না।

উমেশ। সত্যি।—দেখ, গত শনিবার বাড়ি আসতে কতই রাত হইছিল? না।ও হইবে না। তা গিয়ে দেখি আহারের জন্যার শূন্য, আর গৃহিনীও খাটের উপর লম্বা।

[ সরোজিনীর প্রবেশ ]

সরোজিনী। চম্পটি সাহেব।

চম্পটি। এ কে, সখী যে!—এস এস! You are thrice welcome.—খবর কি?

সরোজিনী। আমার সখী ত একেবারে পাগল।

চম্পটি। পাগল! কেন? what is the matter!—কি হয়েছে! mad!

সরোজিনী। mad fad নয় কিন্তু quite as bad.—আমরাও আজ কাল একটু একটু ইংরাজী পড়ে' থাকি।

চম্পটি। Of course. আজ কাল progress এর দিনে কি তোমরাই অশিক্ষিত থাকবে? "ভারত শুধুই ঘুমায়ে রয়"।—তা এখন কি ব্যাপার? তবে mad নয়?

সরোজিনী। তারি দাখিল্ই! আপনার চেহারা দেখে ত আমার সখী একেবারে ক্ষেপে গিয়েছেন।

চম্পটি। ও মোটে এই! By Ajax! তা আর আশ্চর্য্য কি? Oh my! চেহারা খানা বোলে চেহারা খানা!—এ চেহারা দেখে খেপবেন না? তোমার সখী ত তোমার সখী। বিলাতে মেয়েরা—বুঝলে সখী—খাঁটি মেয়েরা—এই চেহারা খানা দেখে কি কর্ত্ত, জান না!

সরোজিনী। কি কর্ত্ত?

চম্পটি। শুন্‌বে তবে শোন—will you believe me?—আমি রাস্তা দিয়ে যেতাম, আর রাস্তার দুধারে যত মেম—ধপাধপ্, ধপাধপ্, ধপাধপ্।

সরোজিনী। সে কি?

Reginalds Law of Financial Catechism এ লিখ্‌ছে কি শুনুন। [আলমারি হইতে অন্য একখানি কেতাব বাহির করিতে উদ্যত]

বিনোদ। আঃ এত ভারি মুস্কিলে পোলাম দেখি। আগে শ্যায় পর্য্যন্ত শুইনাই লয়েন। কোঠারাইন কয়েন যে মাইয়া দেইখ্যা লইয়া তুমি নিজেই বিয়া করো না। কে 'না' কয়।

চম্পটি। তবে নালিশ কিসের?

বিনোদ। আমি ও ত সেইরেই কই।—নালিশ কিসের?

চম্পটি। [হতাশভাবে] এঃ এতটা পরিশ্রম বৃথা গেল। তবে তুমি এসেছো কেন?

বিনোদ। আমি তো সেইরেই কইতে চাই, তাত আপনে শুন্তে চায়েন না। তা মাইয়া দেইখ্যা ত বিয়া কোর্ত্তে পারি। তা মাইয়া পাই কৈ?

চম্পটি। তা আমি কি কর্ব্ব—[বহি বন্ধ করিয়া ও আলমারিতে তুলিতে তুলিতে] আমি কি কর্ব্ব।

বিনোদ। আপনি সেইরেই কোন সন্ধান কইয়া দিতে পারেন?

চম্পটি। আরে বেটা আমাকে ঘটক পেয়েছো? মেয়ে খুঁজতে এসেছো Barrister এর বাড়ি?—Damned শুয়োর।

বিনোদ। আরে গাইল দ্যান্ ক্যান্।

চম্পটি। বেরো বেটা গুলিখোর।

বিনোদ। আরে গুলিখোর কয়েন ক্যান। গুলি খাই ত আপনের গাইটের থাইকা পয়সা বাইর কৈরা খাই আপনের বাপের কি?

চম্পটি। আবার রোখ্। বেরো বেটা।—এই বেহারা!

চম্পটি। তোমার মরা যে বিশেষ দরকার হয়ে' পড়েছে। এমন কি, তুমি না মরলে কোন মতেই চলছে না।

রেবেকা। কেন dear? am I a thorn in your side? আমি রাঁধছি, বাড়ছি, হিন্দুস্ত্রীরই মত ঘর কন্না কচ্ছি।

চম্পটি। তা কচ্ছ বটে।—তুমি খুব লক্ষ্মী। কিন্তু কথাটা হচ্ছে কি, তুমি না মলে dear, আমি লাখ টাকা lose কচ্ছি।

রেবেকা। কি রকমে?

চম্পটি। এই আমার একটা জাঁকাল রকম বিয়ের সম্বন্ধ এসেছে। মেয়ে হচ্ছে widow. বার্ষিক income লাখটাকা।

রেবেকা। লাখটাকা?

চম্পটি। হাঁ লাখটাকা। তুমি এখন যদি অনুগ্রহ কোরে মর, darling!—তালে আমি তোমার গোলাম হোয়ে থাকবো। আর তোমাকে খুব ভালো বাসবো।

রেবেকা। আমি মরে' গেলে আর আমাকে ভাল বেসে কি হবে?

চম্পটি। তাও ত বটে। এ ত ভারি মস্কিলে পড়লাম দেখি। কি বোলে যে বোঝাই?—দেখ তুমি যদি দয়া কোরে মর, তালে তোমার এমন জাঁকালো রকম গোর দেব—যে সে চমৎকার! বাজি পোড়াব, acetyline lamp এর procession কর্ব্ব, গোরার বাদ্যি দেবো,—চাই কি Australian string-band আনবো।

রেবেকা। তা ত বটে। কিন্তু অনর্থক মানুষটা মর্ব্ব কেমন কোরে? আমি মর্ত্তে পার্ব্বো না।

চম্পটি। এঃ—স্ত্রীজাতটা কি unreasonable.—কোন

বিনোদ। আরে ব্যাটা ব্যাটা করেন ক্যান্‌—

চম্পটি। আবার তর্ক কর্ত্তে লাগলো। Get out!—বেরো বলছি। [একটি যষ্টি লইয়া ধাবমান ও বিনোদ বিহারীর পলায়ন।]

চম্পটি। Case এর সঙ্গে খোঁজ খবর নেই। আবার বসে ফটকাদি কর।—বেটারা আমাদের গাধা পেয়েছে [পরিক্রমণ] যাক! হাঃ হাঃ He Intends to marry rich. সকলেরই ঐ ফন্দি। ফন্দিটা মন্দ নয়। কোন পরিশ্রম নেই অথচ পায়ের উপর পা দিয়ে বোসে খাও। এবার যদি Karmakar এর মেয়ে বিয়ে কর্ত্তে পারি, তাহলে by the holy Gospels of St. Zachary—এক হাত মেরে দিইছি আর কি।—বেশ!—একটা বিয়ে করা যাক।—তবে একটা but আছে। আমি যে বিলেতে already একটা বিয়ে করিছি। [চিন্তা ও মস্তক আন্দোলন] কিন্তু সে বিয়ে টা এক দিনে null and viod হয়ে গিয়েছে। যে ডুব মেরিছি। সে wife যে আমাকে খুঁজে নেবে, তা impossible.—যাক একটা বিয়েই না হয় করা যাক্। 25000 rupees! not bad.—এখন বোলে হয়। হবে নাই বা কেন? এই চেহারা খানায় সব মেরে রেখেছি [মুকুরে স্বীয় মুর্ত্তি অবলোকন] চেহারা খানা একবারে নিখুঁত। নাকটা একেবারে Grecian. চোখ দুটো—ওঃ কি eyelashes! বা—তার পরে এই কপালটা ঠিক Bismark এর মত। আর দাঁতগুলো—দেখি [দন্ত বাহির করিয়া] beautiful! কি চেহারা খানাই এদেশে পড়ে মাটি মারা গেল রে!

মতেই মর্ব্বে না। নৈলে যে আমি লাখটাকা lose কচ্ছি ছাই।
দেখ তুমি যদি মর, তাহলে আমি তোমাকে মাসে হাজার টাকা
কোরে দেবো।

রেবেকা। এ কথা শুনে আমার মর্ত্তে খুব লোভ হচ্ছে বটে,
জাননা আমার যা হোক, ছেলে পিলে গুলো খেয়ে বাঁচে।—
আচ্ছা dear। মরা ছাড়া কি আর কোন উপায় নেই?

চম্পটি। ভেবে পাচ্ছিনে ত।

রেবেকা। Why not divorce.

চম্পটি। By Madagascar—that is a brave idea—
why divorce—of course. You are an angel dearest!
আমার বরাবর তাই বিশ্বাস। আমি সকলকে তাই বলে এইছি।
Divorce—of course.—আমি suit আনবো না তুমি আনবে?
চল যা হোক একটা করা যাবে—শীগির চল dearest—তুমি
আমার—তোমাকে আর কি বলবো?—Oh derry
derry darling! তোমাকে আমার যে মাতার তুলে নাচতে
ইচ্ছে হচ্ছে। উভয়ের গীত ও নৃত্য Rom ti rom it tom,—
tim tim tim.

[ নিষ্ক্রান্ত ]

---

গীত।

সকলে। মোরা সবাই ঠিক করেছি যে চাকরি করা হয়রানী।

নাপিতনী। মুই নাপিনী।

ধোপানী। মুই ধোপানী।

মেছুনী। মুই মেছুনী।

ময়রানী। মুই ময়রানী।

বিনোদ। বাঃবা! এত বর মজা দেখি। এক মিনিটের মধ্যে আমি বরই বড়লোক হইয়া যাইলাম যে।

পাঠক। বিনোদ বাবু শুনুন—[ হস্ত ধরিয়া বাহিরে লইয়া যাইতে উদ্যত ]।

চাকি। একি পাঠক। আমার client কে ভাঙিয়া নিয়ে যাও কেন [ বিনোদের হস্ত ধরিয়া আকর্ষণ ]।

ঝাঝরা। তোমার client কিসের? [ বিনোদের হস্ত ধরিয়া আকর্ষণ ]

বিনোদ। আঃ করেন কি। ছারেন না।

[ কাড়াকাড়ি করিতে করিতে সকলে নিষ্ক্রান্ত ]

---

## পঞ্চম দৃশ্য।

### স্থান—চম্পাটির নূতন গৃহ। কাল—প্রভাত।

### চম্পাটি একাকী।

চম্পাটি। যাক ছাই! প্রায়শ্চিত্ত করিছি। বেঁচিছি; বাপ বিদিত্তি চাক কি আমাদের দেশে পোষায়? একেতো এ দেশের সঙ্গে খাপ খায় না, তার উপর বিপর্য্যয় খরচ। এই ভোলা ওরে ভোলা রে।

ভোলা। এজ্ঞে।

ভোলার প্রবেশ।

চম্পাটি। দেখ ভোলা এক ছিলাম তামাক সেজে নিয়ে এসত বাপধন।

ভোলা। যে এজ্ঞে। [ প্রস্থান ]

রেবেকা। You cruel!—and you once pretended to love me [ক্রন্দন]।

চম্পটি। Dont cry.—There's a dear—The fact is I am also starving—not mentally or morally, but physically starving.

রেবেকা। Then why did you pretend to be a prince.

চম্পটি। Did I?—[স্বগত] এঃ কি বিপদেই পড়েছি এখন ত এর হাত এড়াবার ও যো নেই—[প্রকাশে] By the holy prophet!—ah! well!—dont you see?

রেবেকা। I quite see you rogue, you liar, you beast?

চম্পটি। দেখ রেবেকা তোমার arguments গুলো খুব convincing—এর পরে আমার আর কিছু বক্তব্য নেই। দেখ তোমার সঙ্গে একটা কথা আছে। Come in dear!—[স্বগত] এঃ বিয়ের plan টা মাটী করে দিলে।—[নিষ্ক্রান্ত]

---

## চতুর্থ দৃশ্য।

### স্থান—উমেশের বাহিরের শয়ন ঘর, কাল প্রভাত। [পর্য্যঙ্কোপরি আসীত উমেশ অর্দ্ধ উত্থিতভাবে অবস্থিত।]

উমেশ। হুঁমাথা বেশ ই ধরেছে; [জিহ্বা চাকিয়া] মুখ বেশ তেত, মুচ কি আমাশা একটা হোত বোধ হচ্ছে। শর্দ্দ্বিটা হয়েছে

চম্পাটি। আদের আইনই যদি জান্তাম, তবে কি আর বিয়ে করতে যেতাম? practice করতাম।

ইন্দুমতী। [ চক্ষে বস্ত্র দিয়া ক্রন্দন ]

চম্পাটি। আর কাঁদতে হবে না। এখন তুমি নিজের পথ দেখ, আমি আমার পথ দেখি। আমি জানি আমার জীবন কোন রকম সুবিধে হবে না। এ জীবনে যত রকম চলানো যেতে পারে চলিইছি বাবা। briefless barrister হওয়া, মেম বিয়ে করা, তাকে divorce করা, প্রায়শ্চিত্ত করা, পরে আবার এক portionless widow বিয়ে করা— যত রকম হতে পারে। এখন তবে অনুমতি কর এদাস বিদায় হোক্। সুন্দরি! প্রেয়সি! প্রিয়তমে! আজ্ঞা কর বিদায় হই।—

ইন্দুমতী। আমি তবে কোথায় যাবো! আমার সম্পত্তি গিয়েছে, জাত গিয়েছে। কোথায় যাবো?

চম্পাটি। কোথায় যাবে? চুলো আছে, হিমালয় পর্ব্বত আছে, Terai jungles আছে, বাউলের দল আছে, মেয়ে যাত্রা আছে যেখানে খুসী যাও। আমার কোন আপত্তি নেই। আমিও যাই—যমের দুয়োর খোলা আছে, Theosophical Society আছে, Congress আছে, কলিকাতার রাস্তা আছে, সেখানে হয় যাবো।

ইন্দুমতী। আমাকে কি কেবল টাকার জন্যই তুমি বিয়ে করেছিলে।

চম্পাটি। নৈলে কি—আর তোমার ঐ রূপের জন্য বিয়ে করেছিলাম। যাও। বাড়ীটি আমার, মালিক আমার, সমস্তই

গোলাম আমার দুই স্থিপূর্ণ বোতল আমার কৃপা কর। বিদায় হও।

ইন্দুমতী। আমি কি তোমার কোনই কাজে লাগবো না; আমি তোমার বাসন মাজবো, ভাঁড়ার রাখবো, রাঁধবো, ঘরকন্না কর্ব—

চম্পটি। আরে ঘর থাকলে ত কন্না কর্বে—যাও বলছি।

ইন্দুমতী। হায় পুরুষজাত কি এমনি স্বার্থপর। আমরা স্ত্রীজাতি; আমরা অবস্থাগুণে যাদের পরাধীন, তারা কোথায় আমাদের ভরণ পোষণ কর্বে—না আমাদের বিয়ে কোরে তারা বড়মানুষ হতে চায়। ধিক পুরুষগণ, তোমাদের টাকা রোজগার কর্বার ক্ষমতা আছে; অন্য যথেষ্ট উপায় আছে—ব্যবসা আছে, বাণিজ্য আছে, চাকরি আছে, পেটেণ্ট মেডিসিন আছে, চুরি আছে, ঘুষ আছে; তার ওপরে আর আমাদের বধ কোরে টাকা কর্বার চিন্তা কর কেন? আমরা নিরীহজাত আমাদের ছেড়ে দাও।

চম্পটি। আরে তাই ত ছেড়ে দিচ্ছি। ভুল হয়েছে, দোষ হয়েছে, অনুতাপ হয়েছে। এই নেও নাকে খং দিচ্ছি।

ইন্দুমতী। এখন বুঝতে পাচ্ছি যে পৃথিবীতে প্রেম বোলে জিনিস টা নেই—প্রেমের জন্য বিয়ে করা ভুল, হা অদৃষ্ট!

চম্পটি। তা আর বোলে?—আমি দুবার বিয়ে করেছি—একবার প্রেমের জন্যে, একবার টাকার জন্যে, দুবারই ঠকিছি। Logically দাঁড়াচ্ছে যে বিয়ে করাটাই mistake.

[ ইন্দুমতীর গাইতে গাইতে প্রস্থান ]

কীর্ত্তন।

কেন খুঁজতে যাসরে বিমল প্রেমে এ জগতে তাই।

কেন মিছে খুঁজে সারি সাধা—সেথা যে তা নাই।

উমেশ। রাত্তি আটটার না এসে বেলা আটটায় এসে হয় না—

সুকেশিনী। দেখ! একি তামাসা পেয়েছো? আমার সঙ্গে তামাসা।

উমেশ। হাঁ একটু সম্পর্ক বিরুদ্ধ বটে। তা শোন আমি ভাবছিলাম কি রাত্তি সাতটায় আসবো কি রকম করে। আজ কাল যে রাত্তি বারোটায় প্রায় সন্ধ্যেই হয়।

সুকেশিনী। রাত্তি বারোটায় সন্ধ্যে! কি বুকি!

উমেশ। তাও বটে। যদিও বিজ্ঞানের বড় ধার ধারি না, তবু রাত্তি বারোটায় সন্ধ্যে একটু নতুন রকম ঠেকছে বটে।—তা দেখ রাত্তি সাতটায় আসা আমার ধাতে সয় না।

সুকেশিনী। আচ্ছা বেশ [ক্রন্দন]।

উমেশ। এঃ এবার একটা লেঠা বাধে দেখছি [প্রকাশ্যে] ধাত ধাতে সয় না।

সুকেশিনী। [ক্রন্দনের মাত্রা চড়াইলেন]।

উমেশ। এঃ মুস্কিল করে। এই hysteria হয় বুঝি!—আচ্ছা না হয় তাই আসবো।

সুকেশিনী। আসো না আসো, আমার বোধে বেশ তুমি সেখানে খুসী যাওনা। চুলোয় যাও।

উমেশ। এঁা কোথায়?

সুকেশিনী। চুলোয়—কোথায় আবার।

উমেশ। প্রস্তাবটা একটু অসুবিধা কর ঠেকছে যেন।

সুকেশিনী। আমার মাঝে মাঝে মনে হয় যে আত্মহত্যা করি!

সুরেশ। Byronও বলে গিয়েছেন যে to-night mirth and laughter, sermon and soda water the day atfer.

উমেশ। তা sodawater না হোক এতক্ষণ ধোরে sermonটা হচ্ছিল বটে।

পরেশ। স্ত্রীর কাছে বুঝি, আমার স্ত্রীও আজ সকালে উঠে পর্য্যন্ত মুখ ভার কোরে আছেন।

উমেশ। সে তো ভালো। আমার তিনি রাগ কোরে বিষ খাবো বোলে ভয় দেখিয়েছেন।

সুরেশ। আমার অর্দ্ধাঙ্গিনী ভোরে ভোরে বাপের বাড়ি চোলে গিয়েছেন।

উমেশ। ওহে আমি তো বলি স্ত্রীদের education দিতে হচ্ছে। এ জ্ঞান পেলে স্ত্রী আর জ্বালাতে পারে না।

রমেশ। সে দিন আমরা বলুক। তা তুমিই তো শিখোলে।

উমেশ। না এখন আমি রাজি।

পরেশ। পরে এস।

সুরেশ। তা বেশ হয়েছে। তবে একটা mistress খোঁজ করুন, উমেশ বাবু।

উমেশ। তা কচ্ছি এখনি। বাইরে বসে চা খাওয়া যাক্।

রেবেকা। কি রকম?

চম্পটি। এই তুমি Mistress হও।

রেবেকা। Mistress? কার?—never.

চম্পটি। আরে সে mistress—এ master, mistress—সেই mistress. এরা জন কতক নব্যহিন্দু মিলে তাদের wives দের educate কর্ত্তে চায়। তুমি তার mistress হও।

রেবেকা। No I won't.

চম্পটি। Indeed you will.

রেবেকা। আর তুমি কি কর্ব্বে?

চম্পটি। খাবো।

রেবেকা। What?

চম্পটি। I will only eat darling! I will eat to please you.

রেবেকা। Never!

চম্পটি। Always your most obedient servant—শুকারাম চম্পটি।

রেবেকা। I shall be hanged if I do.

চম্পটি। I shall be blowed it you don't. সোর dear এ বিষয় Full Bench এর নজীর আছে।

রেবেকা। কি রকম?

চম্পটি। Phillips Concordance of Criminal Cases এ লিখিয়াছে যে the husband is the wief's property অর্থাৎ স্বামী স্ত্রীর সম্পত্তি বিশেষ।

রেবেকা। তাতে কি প্রমাণ হয়।

চম্পটি। যে তুমি রোজগার কর্ব্বে।

রেবেকা। আর তুমি বোসে খাবে ?

চম্পটি। With pleasure.

রেবেকা। Really ;

চম্পটি। শোন dear I have always held among friends that you are an angel. আর আমারও তাই ধ্রুব বিশ্বাস— যদিও তোমার wings নেই ;

রেবেকা। সত্যি বলছো—

চম্পটি। By all the gods in heaven ! though to tell the truth I am a veritable atheist.

রেবেকা। Very well ; But it is no use. তুমি ত মদ খেয়ে সব উড়িয়ে দেবে।

চম্পটি। তা দেবো। কিন্তু তুমি স্বর্গে যাবে।

রেবেকা। স্বর্গে যাবো ?

চম্পটি। নিশ্চিত। angelsরা স্বর্গে যায় না কি নরকে যায় ? বাপ্‌ what a figure !—what complexion— !

রেবেকা। বল কি ?

চম্পটি। উঃ dazzling।

রেবেকা। সত্যি বলছো ?

চম্পটি। সত্যি !—তুমি আমার বুকে ছুরি বিঁধিয়েছ darling

রেবেকা। কখন্ dear ?

চম্পটি। কখন আবার ? এখন। এইমাত্র। ছুরি কি Rogers এর ছুরি নৈলে কি আর ছুরি হয় না ?—তুমি আমার এই heartএ অবিশ্বাসের ছুরি বিঁধিয়েছো তুমি যদি dear

## প্রথম দৃশ্য ।

স্থান—উমেশের বাটীর অন্দর। কাল—অপরাহ্ণ।

সুকেশিনী বেড়িয়া বেড়িয়া পাঠ করিতে ছিলেন।

সুকেশিনী। To be or not to be that is the question.

উমেশের প্রবেশ।

উমেশ। এই যে এখেনে—বলি ওগো—খাবার আছে?

সুকেশিনী। Whether it is nobler in the mind—

উমেশ। বলি, খাবার আছে?

সুকেশিনী। To suffer—

উমেশ। আপাততঃ ক্ষিধের জ্বালায় যে আমি suffer কচ্ছি।—খাবার আছে?

সুকেশিনী। Or to take arms—

উমেশ। জ্বালাবে!—বলি—

সুকেশিনী। Against a sea of troubles.

উমেশ। বলি আফিস থেকে খেটে খুটে এসে Hamlet এর soliloquy শুনলে কি আমার পেট ভরবে?

সুকেশিনী। একটু দাঁড়াও।—And by opposing end them.

উমেশ। হাঁ এখন end them. ও soliloquy end কোরে এখন এদিকটা দেখ।

সুকেশিনী। To die, to sleep, to sleep—perchance to dream—

উমেশ। এখন dream. কর্বার সময় নয়। পেটে বাড়বাগ্নি জ্বলেছে।

সুকেশিনী।—Ah there's the rub.

উমেশ। ঐ ত rub. যদি খিদেটা না থাক্তো ত আর কোন গোলই থাক্তো না।—এখন হে সখি, স্বর্গভূমি থেকে একবার আমাদের এ পাপ মর্ত্ত্যভূমিতে নাম্বো।—কিছু খাবার আছে।

সুকেশিনী। খাবার?

উমেশ। হাঁ খাবার।

সুকেশিনী। ওঃ মা! ভুলে গিইছি।

উমেশ। পারিয়াছো। তবে আর কি। তুমি চুল ফিরিয়ে সাড়ি ঘুরিয়ে, জুতো মোজা পায়ে দিয়ে, বেড়িয়ে বেড়িয়ে, পদ্য পাঠ কর, আর আমি খাবি খাই।

সুকেশিনী। Byron বলেছেন যে eating with another thing or two remind us of our mortality.

উমেশ। Byron চুলোয় যাক্। এদিকে আমার ভোঁচ-কানি লাগ্‌বার যোগাড়—

সুকেশিনী। ভারি জ্বালাতে পড়লাম।—আচ্ছা আর তোমার খাবার আনতে দিচ্ছি। কিন্তু কাল থেকে তোমার নিজের খাবারের বন্দোবস্ত নিজে কোরো।—এঃ যাঃ—চাবি কোথায় গেল?—চাবি?

# দ্বিতীয় দৃশ্য।

স্থান—ইন্দুমতীর গৃহের ছাদ। কাল—সায়াহ্ন।

সরোজিনী একাকিনী বেড়াইয়া বেড়াইতেছিলেন।

সরোজিনী। তাঁকে আমি ভাল বাসি। লোকে হয়ত জিজ্ঞাসা কর্বে, কি জন্যে ভালোবাসি। লোকে বলবে তিনি কুৎসিৎ, অসভ্য, গুলিখোর, অসচ্চরিত্র। তিনি আমাকে ভাল বাসেন না। তবু আমি তাঁকে ভালোবাসি।

গীত।

ভাল বাসিব তোমারে সেও যদি ভালবাসে;
তথাপি বাসিব ভালো যদি ভালো বাসে না সে।
কি দৈব সুখ কে জানে, [illegible] প্রাণ তারি প্রাণে,
দিয়াছি কি তার ছবি সে [illegible] বদলে আশে ?
ফিরে কি যায় গো অলি কমল না চায় যদি ?
সাগর চাহে না বলে ফিরে কি গো যায় নদী ?
প্রেমতো আমার দান, প্রেমতো প্রাণেরি প্রাণ,
প্রেম কিসে বাঁধা কারো আদেশ কি অভিলাষে ?

[ বিনোদবিহারির প্রবেশ ]

বিনোদ। [ স্বগত ] এই যে এইখানে দেখে। গাইছে খাসা
ক। চেহারা খানাও মন্দ নয়। বোঠাকুরাইন বলেন যে বেয়াইন
[illegible]মাথা দিয়া কর্ত্তে চান। তা আমি এয়েসে নিয়া কাথা উঠার

কার্ত্তিক পণ্ডিত এয়েরেই বিয়া করুম।—কারে ডর [ প্রস্থানোদ্যোগ ]

সরোজিনী। এই যে আপনি ?—কি বলছেন।

বিনোদ। আমি ভাইবা চিন্তা খ্যাষে তোমারেই বিয়া করা সাবাস্ত কোল্লাম।

সরোজিনী। বেশ ঠাট্টা শিখেছেন ত।

বিনোদ। না বিয়াইন আমি ঠাট্টা কোর্ত্তেছি না, তোমারেই বিয়া করুম কিন্তু আমার বইনে যদি বিয়াইন, তুমি অনুগ্রহ কৈরা বিহাইন, যদি একটা কাম করো।

সরোজিনী। কাজ ? কি কাজ ?—বলুন আমি আপনার জন্য সব কর্ত্তে প্রস্তুত আছি। কি বলুন।

বিনোদ। তা জানি বিয়াইন, আমার বিহাইন, আমার প্রাণের বিহাইন, আমার নয়নের মানিক্য, তুমি যদি বেহাইন, বোঠাকরাইনকে বিয়া কর্ত্তে স্বীকার করাইতে পারো।

সরোজিনী। কেন ? তাতে আপনার লাভ কি।

বিনোদ। সেইডে জিগাও ক্যান ? আমার কাম আছে। এইডা যদি তুমি কর বিহাইন, তাগে—

সরোজিনী। বিধবার কি বিয়ে হয় ?

বিনোদ। হইব না ক্যান ? নুতন আইনে ত হয়।

সরোজিনী। তা বিধবাকে বিয়ে কোরে কে জাত খোয়াতে যাবে।

বিনোদ। তা টাকা পাইলে সকলেই জাইত খোয়াইতে স্বীকার আছে। জাইত ত সিন্দুকের মধ্যে। আর কেউ না থাকে, চম্পটি সাহেব আছেন।

আর সখীকে বিয়ে কর্ত্তে রাজি কর্‌লা—হুঃ—কথায় বলে "কাঙ্গালী ভাত খাবি? না পাত পেতে বোসে আছি।"

[ গাইতে গাইতে বেগে ইন্দুমতীর প্রবেশ। ]

ইন্দুমতী। সখি ধর ধর।
সরোজিনী। কেন কেন সখি এভাব নিরখি, কেন কেন তুমি এমন কর?
ইন্দুমতী। বসন্ত আসিল শীত অন্তকরি।
সরোজিনী। সে যে ছিল ভালো, এসে বেঁচে মরি—
ইন্দুমতী। ডাকিছে কোকিল—
সরোজিনী। উড়িতেছে চিল—উঠে কত কা কা মধুর স্বর—
ইন্দুমতী। গুঞ্জরিছে অলি কুসুমের পাশে—
সরোজিনী। আমাদের ভাতে মাছি যায় আসে!
ইন্দুমতী। বহিছে মলয় ধীরে—
সরোজিনী। মিঠে নয় বহে ঘাম তাই প্রবল ভয়।
ইন্দুমতী। যৌবন আমার জ্বলি অহর্নিশ,
সরোজিনী। যৌবন কি বল পায় হোয়ে বিশ—
ইন্দুমতী। কি করি কি করি—
সরোজিনী। আহা মরি মরি—
ইন্দুমতী। উহু উহু সখি—
সরোজিনী। না যাও সর—
ইন্দুমতী। বল বল সখি কি করিব আমি—
সরোজিনী। না ভালো লাগেনা তোমার ন্যাকামি।
ইন্দুমতী। সখি কোথা যাব আমি যে মোলাম;—
সরোজিনী। মর তা একটু সরিয়া মর।

ইন্দুমতী। সখি সখি আমার কি হোল?

সরোজিনী। কেন সখি?

ইন্দুমতী। আমার যেন বোধ হচ্ছে যে সংসার মরুভূমি—আকাশ ধূ ধূ কচ্ছে, চারিদিকে প্রহেলিকা না কুহেলিকা কি বলে—ভাই! সখি আমার এ কি হোল!

সরোজিনী। তাইত।

ইন্দুমতী। সখি একে প্রেমের কোন্ অবস্থা বলে?

সরোজিনী। শোচনীয় অবস্থা।

ইন্দুমতী। না সখি এ পরিহাস কর্বার সময় নয়। আমার প্রাণ যে। কিম। হয়েছে মন যেন কি রকম কচ্চে, হৃদয় যেন কিসের মত হয়ে গিয়েছে।

সরোজিনী। বটে?

ইন্দুমতী। প্রাণ হাঁ হাঁ কচ্চে, আকাশ খাঁ খাঁ কচ্চে, বাগান শাঁ শাঁ কচ্চে—আর—আর কি কচ্চে সখি?

সরোজিনী। এই ক্ষুধাতে পেট চাঁ চাঁ কচ্চে, রোদ্দুরে মেজাজ ঝাঁ ঝাঁ কচ্চে, ছেলেপিলে গুলো বাড়ির মধ্যে মা মা কচ্চে, বাইরে গরুগুলো গাঁ গাঁ কচ্চে—

ইন্দুমতী। না না সখি, তুমি বুঝতে পার্চ্চনা যে ব্যাপার খানা কি। আমার প্রাণ যে আকুল হয়েছে। "আকুল" বোঝো? আমার অবস্থা যে কি রকম হয়েছে সে সহজ ভাষায় বর্ণনা করা যায় না।

সরোজিনী। তবু কি রকম হয়েছে শুনি। না হয় একটু বেঁকা ভাষাতেই বর্ণনা করুন।

ইন্দুমতী। কি রকম হয়েছে জানো? এই সন্দেশে মিষ্টি না থাকলে যে রকম হয়, পানে এলাচ না থাকলে যে রকম হয়, সাড়ির পাড় না থাকলে যে রকম হয়, গানে গিটকারি না থাকলে যে রকম হয়, অনেকটা সেই রকম—নীরস, একঘেয়ে, ফেক্‌না—কোনই মানে নেই।

সরোজিনী। অবস্থাটা বেশ ঘোরাল রকম দাঁড়িয়েছে দেখছি। তা এখন কি কর্বে ঠিক করেছো?

কার্য্য, বাদানুবাদ করা, বিষয় স্বামী-সংস্কারের। যাহাতে স্বামীগণ যথেষ্ট পরিমাণে খাতির করেন ও প্রেম করেন আমাদিগকে; যাহাতে তাঁহারা রাত্রে সকাল সকাল বাড়ি আসেন; এবং যাহাতে তাঁহারা—রা—রা এক কথায় বকে না যান, উদ্ভাবন করা তাহার উপায়।

অন্য রমণীগণ। [ শোন শোন ]

সুকেশিনী। আমার ইহা দৃঢ় বিশ্বাস যে তারা সংশোধিত হবে দাবী করে আমাদের স্বাধীনতা, এবং অনুকরণ কোরে তাঁহাদিগকে সর্ব্বতোভাবে। তাঁহারা কর্বেন যাহা আমরা কর্ব তাহা, এবং তাঁহারা যাবেন যথা আমরা যাবো তথা। [করতালি] অতএব বন্ধুগণ এই সপ্তাহে আমরা করিব একটি সাহসকর কার্য্য—যাহা হইবে চিরস্মরণীয় ভারতবর্ষের সামাজিক ইতিহাসে। আমরা আক্রমণ করিব স্বামীদিগের দুর্গ। আমরা দাড়ি ধরিব সিংহের তাহার স্বকীয় বিবরে। যেখানে গিয়া তাঁহারা প্রত্যহ অর্দ্ধ রাত্রি যাপন করেন লুণ্ঠন করিব সেই আড্ডা।

রমণীগণ। [ শোন শোন ]

নাপিতানী। [ সবিস্ময়ে ] বা! বা! এরা ত সব একরকম নতুনতরো হয়েছে বলতে হবে।

সুহাসিনী। নাপিতানী তুমি বোধ হয় একটু আশ্চর্য্য হচ্ছ।

নাপিতানী। হাঁ একটু হচ্ছি বৈ কি—

সুকেশিনী। নাপিতনী! অদ্য ভারতের বড় শুভদিন। আজ হিন্দুরমণীগণ করিবে বক্তৃতা, পড়িবে Shakspeare, গাইবে গান—ইত্যাদি ইত্যাদি।

নাপিতানী। বটে!

সুহাসিনী। দেখ নাপিতানী, আমরা আর স্বামীর হাতের পুতুল হয়ে থাকবো না।

নাপিতানী। তবে কি কর্ব্বে ঠিক করেছো?

সুভাষিণী। নিজেদের liberty assert কর্ব্বো।

নাপিতানী। সে কি রকম?

সকলে। যতদিন স্বামী পূজা ততদিন পূজবো; তাহার পরে নিজের পথটা নিজে নিজে বুঝবো।

নাপিতানী। সে থাকগে নরকগে এখন আয় মা তোর পায়ে আলতা দিয়ে যাই।

সুকেশিনী। আলতা!—পায়ে আলতা!

সুভাষিণী। আলতা!!

সুহাসিনী। ওহো! হো! হো! [হাস্য]

সুকেশিনী। ও সব barbarous প্রথা অনেক কাল ছেড়েছি প্রিয় নাপিতানী!

নাপিতানী। কেন মা গরিবের দুটো পয়সা ফাঁকি দেও?

সুকেশিনী। নাপিতানী। তোমার বয়স অনেক হয়েছে বোলে কিছু বল্লাম না কিন্তু তুমি বেরিয়ে যাও।

নাপিতানী। ওমা! বেরিয়ে যাবো কি!—গেরোস্ত ঘরের মেয়ে।

সুকেশিনী। হাঁ তোমায় বেরিয়ে যেতে হবে?

নাপিতানী। কার সঙ্গে?

সুহাসিনী। বেরিয়ে যাও বলছি।

নাপিতানী। না বাপু তোমাদের পায়ে আলতা দিতে হইবে না। কিন্তু আমি বেরিয়ে যেতে পার্ব্বো না।

সুভাষিণী। যাও—

চপটি। In this view of the case, my love !
I thoroughly agree.

রেবেকা। I thoroughly agree—

চপটি। I thoroughly agree—

উভয়ে। In this view of the case, my love !
I thoroughly agree.

রেবেকা। It was a great mistake to marry কোরে একটা pauper.

চপটি। The more so O my love ! when you yourself had not a copper.

রেবেকা। Tremendous, sad mistake, my darling ! very sad, I see.

চপটি। In this view of the case, my love !
I thoroughly agree.

রেবেকা। I thoroughly agree.—

চপটি। I thoroughly agree.—

উভয়ে। In this view of the case, my love ! I thoroughly agree.

রেবেকা। এই love এর প্রথম stage টাই ভালো—whispers, hugs, and kisses.

চপটি। The charm is not so great as soon as you become a Mrs.

রেবেকা। The case becomes more complicated on the contrary—

চম্পটি। In this view of the case, my love! I thoroughly agree.

রেবেকা। I thoroughly agree---

চম্পটি। I thoroughly agree—

উভয়ে। In this view of the case, my love I thoroughly agree.

রেবেকা। You may give me a thousand kisses and be mine for ever.

চম্পটি। চাই something more substantial কিছু মুখের মধ্যে দেবার।

রেবেকা। You are as wise Solomon, though not so rich as he—

চম্পটি। In this view of the case, my love!

I thoroughly agree.

রেবেকা। I thoroughly agree—

চম্পটি। I thoroughly agree—

উভয়ে। In this view of the case, my love!

I thoroughly agree.

রেবেকা। এই marry কোরে না হোক কোন অন্য কার্য্য সিদ্ধি,

চম্পটি। But annually একটি কোরে হচ্ছে বংশবৃদ্ধি:

উভয়ে। Whatever difference of opinion

there may be.

In this view of the case, my love

I thoroughly agree.

আমাকে বলা তোমার উচিত হয়নি—তা যখন বুঝেই ফেলেছো তখন সত্য কথাটা বলি। To tell you the truth, আমার practice হচ্ছে না—তা আমি কি করব।

রেবেকা। পড়বে না শুনবে না, effort কর্বে না, তা practice হবে কেমন কোরে ?

চম্পটি। এঃ সব বুঝে ফেলেছো দেখছি।

[ নেপথ্যে ডাকের বাড়ি হাঁক ]

চম্পটি। [ স্বগত ] এ আবার কেরে। এ যে নারী কণ্ঠ শুনছি [ প্রকাশ্যে ] যাও যাও রাস্তাটা দেখ গো dear ! এক জন clientএর গলা শুনছি।

[ রেবেকার প্রস্থান ]

চম্পটি। এই বেয়ারা ! খানসামা ! বাবুর্চি !—কে এসেছে দেখ ত এই চাপরাসী—এরা কেউ উত্তর দেয় না তাদের অপরাধই বা কি। একটা cook আছে সেই খানসামা সেই বেয়ারা সেই চাপরাসি—সবসেই। বোধ হয় বাইরে চাইতে গিয়েছে। [ প্রস্থান ] এই come in—

[ সরোজিনীর প্রবেশ। ]

চম্পটি। [ স্বগত ] এ কি রকম ব্যাপার—এ ত চেহারাখানা মন্দ নয় ;

সরোজিনী। আপনার নাম কি চম্পটি সাহেব।

চম্পটি। হাঁ লোকে ত বলে।—তা কি case টা না শুনলে opiuioa দিতে পাচ্ছি না। Forgery ? perjury ? chica-nery ? Bre.ch of trust ? Criminal misappropriation—

সরোজিনী। আরে শুনুন না। case একটাও বটেই। কাল বিকালে আপনি একবার আমার সখীর ওখানে গিয়ে কেস্‌টা নিজে শুনবেন।

চম্পটি। আপনার সখীটি কে?

সরোজিনী। নবীনমাধব বাবুর বিধবা স্ত্রী।

চম্পটি। Widow! will case বুঝি? তাঁর বাড়িটা কোথায়?

সরোজিনী। শ্যামবাজারে রামকমল মুখুয্যের গলি।

চম্পটি। সে আবার কোন জায়গায়?

সরোজিনী। এই চিৎপুর রোড দিয়ে বরাবর উত্তর দিকে যাবেন।

চম্পটি। [নোট বহি বাহির করিয়া নোট নিতে নিতে] গেলাম বরাবর, তার পর?

সরোজিনী। তার পর শ্যামের আস্তাবল জানেন ত? তারি দক্ষিণ ঘেঁষে যে গলি গিয়েছে তা দিয়ে ঢুকবেন।

চম্পটি। ঢুকলাম।

সরোজিনী। তার পরে দক্ষিণ দিকে একটা গলি দেখতে পাবেন, সেই জায়গাটার বাঁয়ে ফেলবেন।

চম্পটি। শ্রীকৃষ্ণের মত!—আচ্ছা ফেললাম।

সরোজিনী। তার পর একটু খানি এগিয়ে দেখবেন, ডাইনে একটা শুঁড়ির দোকান আর বাঁয়ে একটা কদমগাছ।

চম্পটি। কদম গাছ? যার তলায় শ্রীকৃষ্ণ বাঁশী বাজাতেন।

সরোজিনী। আজ্ঞে না। সে কদম গাছটা ঠিক কলিকাতায় নয়, সেটা বৃন্দাবনে।

নাপিতানী। রীতিনীতি আমাদের —

ধোপানী। এদের চেয়ে ভালো —

মেছুনী। ঢের—

মালিনী, গোয়ালিনী ও ময়রানী। কাদের চেয়ে ?—

নাপিতানী। এত ও আছে !

ধোপানী। ওমা !

মেছুনী। লজ্জায় মরে' যাই !

মালিনী গোয়ালিনী ও ময়রানী। কি হয়েছে ভাই ?

নাপিতানী। শুনবি তবে—শোন—এই— [ কর্ণে কর্ণে কহিল ]

মালিনী। বলিস্ না কি লো —

গোয়ালিনী। কি হবে মা —

ময়রানী। ওমা আমি কোথায় যাবো গো—

নাপিতানী। পায়ে জুতো !

ধোপানী। ঘোমটা খুলে !

মালিনী। শোন একবার !

মেছুনী। এলোচুলে !

গোয়ালিনী। এ যে অবাক কারখানা গো !

ময়রানী। কভু কতই দেখতে পাই।

সকলে। একি হোল ভাই !

নাপিতানী। এমনি কোরে হাঁটেন যেন কখনো বা নড়েন—

ধোপানী। এমনি কোরে হেলান দিয়ে খবর কাগজ পড়েন —

মেছুনী। বাইরে এসে মারেন তু —

মালিনী। ছিঃ—

গোয়ালিনী। ছ্যা—

ময়রানী। ওয়াক থুঃ—

নাপিতানী। বলি কারে !

ধোপানী। কলি কাল !

মেছুনী। পোড়া কপাল!
মালিনী। মুখ ছাই!
সকলে। একি হোল ভাই!

---

## পঞ্চম দৃশ্য।

স্থান—নব্যহিন্দুদিগের club. কাল—রাত্রি।

উমেশ পরেশ রমেশ ও সুরেশ।

সুরেশ। দেখুন, wivesরা ত এক রকম educated হয়ে উঠেছেন। এখন তাঁদের একটা এ—এ—একটা a different sort of training দেওয়া দরকার। [ পান ]

উমেশ। কি রকম?

সুরেশ। তাদের এখন female liberty দেওয়া উচিত।

উমেশ। আর কাজ নেই বাপু। মেজে ঘসে' তাঁ'রা যা হ'য়ে দাঁড়িয়েছেন আর বেশী খোলতাই দরকার নেই। [ পান ]

পরেশ। যা বোলেছ! এখন বেশ বোধ হচ্ছে যে শিক্ষা দেওয়াটা খুব বুদ্ধিমানের মত কাজ হয় নি।

রমেশ। বুদ্ধির কাজ!—দস্তুর মত বোকামি। [ পান ]

সুরেশ। কিন্তু womans rights ত দিতেই হবে।

উমেশ। তা তাঁরা সে বিষয়ে নিজের নিজের পোঁটলা পুঁটলি বেশ বুঝে নিচ্ছেন। [ পান ]

রমেশ। হাঁ দুদিন পরে এখন আমাদের মেরে ধরে' তাড়িয়ে না দিলে বাঁচি। [ পান ]

উমেশ। গিন্নীদের বিশ্বাস কি কোরে গুঞ্জন কচ্ছেন।

রমেশ। কেউবা কষ্‌ছেন Conics.

পরেশ। কেউবা Byron নিয়ে বিভোর হয়ে' আছেন।

উমেশ। কেউবা গাচ্ছেন পেয়ালা পুরে ভরে দে—[ পান।

রমেশ। কেউবা খাচ্ছেন ice-cream. [ পান ]

পরেশ। কেউবা বাজাচ্ছেন বেহালা। [পান]

সুরেশ। মন্দ কি—[ পান ]

উমেশ। মন্দ আর কি? তবে ভয় হয় যে এখন একদিন তাঁরা পরী হয়ে পাখা খুলে উড়ে না যান। [ পান ]

রমেশ। [ সুরাবিজড়িত স্বরে ] আরে রেখে দাও দাদা—ও সব depressing topics রেখে দাও!

পরেশ। [সুরাবিজড়িত স্বরে ] যা বোলেছো! এস একটু lively হওয়া যাক্, আমোদ করা যাক্, আর wivesরা—তারা চুলোয় যাক্।

সুরেশ। বেশ কথা। আমোদ করা যাক্। গান ধর, ধরনা বাপধন একটা গান ধরনা। আর সব এয়ার গেল কোথা।

[ গাইতে গাইতে অন্য নব্যহিন্দুদিগের প্রবেশ। ক্রমে সে গীতে উমেশ প্রভৃতি ও যোগ দিলেন। ]

গীত।

আমরা পাঁচটি এয়ার—
আমরা পাঁচটি এয়ার যারা, আমরা পাঁচটি এয়ার।
আমরা পাঁচটি সখের যাত্রি ভব সিন্ধু পেরো'র,—
কিন্তু পার করি শুধু বোতল গেলাস আমরা পাঁচটি এয়ার।
দেখ, ব্রাণ্ডি মোদের রাজা, আর শ্যাম্পেন মোদের রাণী,

## গীত।

সুকেশিনী। আমরা চাই একটু খানি সূর্য্যদেবের আলো—

উমেশ। তাতে যে ও বর্ণ প্রিয়ে হয়ে যাবে কালো;

সুকেশিনী। আমরা চাহি কেতাব লিখি, মাসিক পত্র চালাই—

রমেশ। যাহা দেখে প্রিয়তমে বাঁচি না তার জ্বালায়ই;

সুহাসিনী। আমরা চাহি যেতে সঙ্গে থিয়েটারে নাচে—

পরেশ। এক্ষণকারের দিনে সেটা বাকিই বড় আছে;

সুভাষিনী। আমরা চাই লেকচর দিতে সভায়, ধর্ম্মশালায়—

সুরেশ। বল না হয় এখন আমরা দেশটা ছেড়ে পালাই;

রমণীগণ। শিক্ষার পরে স্বাধীনতা যে অবশ্য ভাবী;—

যুবকগণ। অগত্যা—নেও মঞ্জুর হোল, তোমাদের যা দাবী।

---

## CHORUS.

তা এ এক রকম হোলই ভালো—

নীরস শুষ্ক জীবনে আনই কভু তা একটু তেত কি আলও।

অস্বীকার কর্ত্তে পার্ব্বে না গো,—হাজারই সে বক, চড়, বা রাগো—

বঙ্গবাসীর আঁধার জীবনে ফুটলো একটু চাঁদের আলো।

দেখে দেখে দেখে হয়েছি হদ্দ শুষ্ক শ্মশ্রু গুম্ফধারী।

গদ্যময় এ বাঙ্গালি জীবনে ছড়াও পদ্য বঙ্গনারী;

মনের সাধটা কেন না থাকে, মেয়েরাও লাগে ঝাঁকে ঝাঁকে;

পথে ঘাটে মাঠে বঙ্গরূপসী নাচুক মুচুক নয়ন কালো।

# তৃতীয় অঙ্ক।

## CHORUS.

এবার কাল পূর্ণ হোলো।

এ ভব ঘোরে কলির জোরে মোলো মোলো সবাই মোলো।

যাহা কিছু ছিল বাকি আর সে কিছু রৈল নাকি?

—হিঁদুয়ানীর ভণ্ডামীতে পূর্ণ মাত্রা, পোরণ ষোল।

শমন দুয়ে দিচ্ছে সাড়া, মায়ের নূতন কৃপাণ খাড়া,

সামাল সামাল, নেইক দেরী, পোলো পোলো ঘাড়ে পোলো।

পূর্ণ সংখ্য পূর্ণ মাত্রা, সাঙ্গ হোল কলির যাত্রা,

পঁহুছিয়েছে সবাই এসে—নরক তোমার দুয়ার খোলো।

---

## প্রথম দৃশ্য।

স্থান—ইন্দুমতীর শয়নঘর। কাল—মধ্যাহ্ন

ইন্দুমতী ও সরোজিনী।

ইন্দুমতী। সখিরে।

সরোজিনী। কি।

ইন্দুমতী। কি দেখলাম।

সরোজিনী। কি দেখলে

ইন্দুমতী। সেই অপূর্ব্ব মোহন মূর্ত্তিটি। কি চেহারা।

আহা সেই মধুর গোঁফ যেন ময়ূরের কুলধনু। সেই কাণ যেন বউবাজারের জিলাপি। আর সেই নাক যেন শ্যামের বাঁশি—কেবল বাজেনা—এই যা তফাৎ। মরি মরি!—

সরোজিনী। কে বল্লে বাজেনা? ঘুমের ঘোরে একটু আধটু বাজেও বা যদিও সে স্বর ঠিক শ্যামের বাঁশির মত মধুর না হতে পারে।

ইন্দুমতি। সখিরে—সে স্বর আমার কাছে রসনচৌকি।

সরোজিনী। তা'লে বর পছন্দ হয়েছে?

ইন্দুমতী। পছন্দ—সখি আমি নেহাইত অপ্রেমিক, তবু পছন্দ? তার চেয়ে ঢের বেশী। চম্পটিকে দেখে তুমি একেবারে সখি—একেবারে পা হড়কে [ মাথা নাড়িয়া ] ডুবজলে—তলিয়ে গিইছি—হাবুডুবু খাচ্ছি, আমাতে আমি আর নেই। বাস্তবিক সখি, আমি আর নেই।

সরোজিনী। সে কি? নেই কি? জল জ্যান্ত বর্ত্তমান রয়েছো দেখছি।

ইন্দুমতী। তুমি কিচ্ছু বুঝতে পাচ্ছোনা সখি। রইছি যে দেখছো সে কেবল এই ধড়টা। তার ভেতর হৃদয় বলে একটা পদার্থ থাকে জানো?

সরোজিনী। হাঁ কবিরা বলেন বটে।

ইন্দুমতী। সেটা নেই।

সরোজিনী। সেটা কোথায় গেল?

ইন্দুমতী। সেটা চুরি গিয়েছে।

সরোজিনী। চুরি গিয়েছে? পুলিশে খবর দেবো নাকি?

ইন্দুমতী। এঃ তুমি বুঝেও বুঝবেনা। কথাটা হচ্ছে এই যে এখন চম্পটির সঙ্গে শীগ্গির বিয়ে হওয়াটা মানসিক দিগ্‌থেকে নেহাইত দরকার হয়ে পড়েছে।

সরোজিনী। সেটা এতক্ষণ সোজা ভাষায় বল্লেই হোত।

ইন্দুমতী। সোজা ভাষায় কবিত্ব হয় না।

সরোজিনী। কবিত্ব নাই বা হোল কাজ হলেই হোলো। এখন আমাকে কি কর্ত্তে হবে বল দেখি।

ইন্দুমতী। আমি রাধার মত বিরহিনী হয়ে বসে আছি। তুমি আর একবার বিন্দেদূতী হয়ে চম্পটিরূপ শ্যামের কাছে যাও। আর তাকে গিয়ে আমার হয়ে বলগে, "বঁধুয়া কি আর কহিব আমি—

সরোজিনী। আমি তা বলতে পার্ব্বো না, যা বলতে হয় তুমি একখান চিঠিতে লিখে দাও। আমি পত্র বাহিকা হয়ে যাবো। চিঠী লেখো।

ইন্দুমতী। চিঠি?

সরোজিনী। হাঁ চিঠী।

ইন্দুমতী। চিঠী, পত্র, লিপি? হাঁ চিঠীই ত লিখবো। ভাগ্যিস তুমি বল্লে। আমি কি বল্‌ ভেবে পাচ্ছিলাম না।

সরোজিনী। না, তা পাবে কেন? তুমি একেবারে কাঁচা খুকিটি কি না; কিছু ত জানো না।—এখন যাও লিখে একখান চিঠী লেখো গে! আমিও তৈরি হয়ে নেই। বাপ্‌, নিজের বিয়ের সঙ্গে খোঁজ নেই পরের বিয়ের ঘটকালী কর্ত্তে কর্ত্তে প্রাণটা গেল। —চল।

ইন্দুমতী। রোস একটু কবিত্ব কোরে নেই।—চম্পটি! চম্পটি! চম্পটি—! মুখ গাছিয়া? আহা কি মধুর নাম। চেহারার উপযুক্ত নামই বটে। আর পোষাকটাও ঠিক শ্যামের মত না হলেও মন্দ নয়। আর গলার আওয়াজও ঠিক যেন—

একেবারে চটী জুতো। আর নাক—চম্পটি হে, তোমার পোষাক ভাল, নাম ভালো, গলার স্বর ভালো—কিন্তু সব চেয়ে ভালো তোমার নাকটা। [ প্রস্থান ]

সরোজিনী। ক্ষেপেছে!—সখী আমার ক্ষেপেছে।—আর সত্য কথা বলতে কি আমিও ক্ষেপেছি কিছু কম নয়। ভালো-বাসলে সকলেই কি সমান fool হয়? চম্পট যা হোক এক রকম একটা মনুষ্য কিন্তু আমি ভালো বাসি যে একটা জানোয়ারকে বুঝি যে সে জড়, অপদার্থ পশু, তবু তাকে ভালোবাসি। ভালোবাসাটা ভারি গোলমেলে ব্যাপার দেখা যাচ্ছে। যাক্। সখীর বিয়ের পরই আমার বিয়ে। agreement করিয়ে নিইছি। যাই তা রোস যাবার আগে আমিও একটা soliloquy কোরে নেই। বিনো-বেহারী! আহা বিনোদ বেহারী ওহো—বিনোদ বেহারী যে—কি বলবো বলতে বলতে গলা আটকে গেল, নৈলে একটু বলতাম, ছাড়তাম না। [ প্রস্থান ]

## CHORUS.

হোল কি ?এ হোল কি এ ত ভারি আশ্চর্য্যি ?
বিলেত ফের্ত্তা টানছে হুকা সিগারেট খাচ্ছে ভশ্চার্য্যি ?
হোটেল ফের্ত্তা মুন্সেফ ডাকছেন "মধুসূদন কংসারি"
চটি চটির দোকান খুলে দস্তুর মত সংসারী।

ছেলের দল সব চসমা পোরে বোসে আছে কাটখোট্টা;
সাহেবরা ঐ গেরুয়া পড়ছে বাঙালী নেকটাই কোট টা;
পক্ষীর মাংস কক্ষীর মত ছেলে বেলায় খান নি কে ?
ঐ দ নদীর পারে গিয়ে ত্রিকাল বসেছেন আহ্নিক।

সুকেশিনী। সে আমাকে বলেছে যে সে বিয়ে কর্ব্বে না।—দরজাটা বন্ধ কর, বড় draught আসছে।

উমেশ। [আদিষ্টবৎ করি।] তবে কি কর্বে?

সুকেশিনী। চাকরি।—চেয়ারটা সরিয়ে দাও ত, পা রাখি।

উমেশ। [আদিষ্টবৎ] চাকরি! মেয়ে চাকরি কর্বে।

সুকেশিনী। তার মধ্যে আশ্চর্য্যটা কি দেখলে? মেয়েরা যদি চাকরি না কর্ত্ত ত চাকরাণী পেতে কোথা থেকে? বেথুন কলেজ পেতো কোথা থেকে? Miss Mary Anderson হোত কোথা থেকে?—নাঃ দরজাটা খুলে দাও, বড় গরম হচ্ছে।

উমেশ। [আদিষ্টবৎ করিয়া] তবে মেয়ে চাকরি কর্বে?

সুকেশিনী। আমি তাকে Telegraph আফিসে চাকরি দেবো। আর তার চাকরি করারই বা দরকার কি? তোমার অনেক টাকা আছে ত। তুমি রেখে যাবে সে বোসে খাবে; —জুতোর ফিতাটা বেঁধে দাও ত।

উমেশ। [আদিষ্টবৎ করিয়া] সিদ্ধান্তটা মন্দ করনি। তবে তাতে আমার একটু আপত্তি আছে।

সুকেশিনী। হঃ তোমার আবার আপত্তি—তুমি ত এক ভারি লোক।—তুমি কি আজ বেরোবে?

উমেশ। হাঁ সেই রকম ত মনে কচ্ছি, যদি অনুমতি পাই।

সুকেশিনী। আচ্ছা বেরোতে পারো। তবে সন্ধ্যার আগে ফিরে আসবে। আমার হুকুম। আর খানিক dictate কর্ব্ব।

উমেশ। আবার!—সমস্ত দিন লিখে আঙুলগুলো ব্যথা হয়ে গিয়েছে।

সুকেশিনী। তুমি ভারি lazy হচ্ছ। নভেলটা শেষ হয়ে এসেছে প্রায়। তবে নায়ক আর নায়িকা এত তফাৎ পড়ে' গিয়েছে, যে তাদের আবার একত্র করা difficult হয়েছে। এ যায়গায় যদি নায়িকাকে মেরে ফেলা যায়, তা'হ'লে tragedy হয়, আর নায়ককে মেরে ফেল্লে comedy হয়। কি কর্ব্ব ভেবে উঠ্তে পারিনি। নভেলটা লাগ্‌ছে কেমন?

উমেশ। অতি সুন্দর।—তবে কি না, বুঝে উঠ্‌তে পাচ্ছিনে।

সুকেশিনী। Idiot!—শোন দিখি, ছেলেটা কাঁদছে যেন কাণ পাতিয়া শুনিয়া] হাঁ কাঁদছেইত। যাও দুধ খাইয়ে এস। কাল ছেলেটাকে মেরে ফেলছিলে আর কি! দুধ খাওয়াতেও জানো না।

উমেশ। না ওটা কখন শেখা হয় নি।

সুকেশিনী। যাও ছেলেটাকে দুধ খাওয়াগে। আমি বেরোবো।—ছেলেটা কাহিল হয়ে যাচ্ছে। তুমি ত দিন দিন নিজে মুটোচ্ছ।

উমেশ। শ্রীচরণের আশীর্ব্বাদে।

দ্রুতবেগে সুবেশিনী ও তৎপশ্চাৎ রমেশের প্রবেশ।

সুবেশিনী। দেখত সুকেশিনী।

রমেশ। দেখত উমেশ।

উমেশ ও সুকেশিনী। কি? কি? ব্যাপার খানাটা কি?

রমেশ। আমি বলছি, যে ওঁর বল্লভ বাবুর বাড়িতে যাওয়া হবে না।

সুকেশিনী। তোমার কথায়?

রমেশ। আমার কথাটা কি গ্রাহ্যের মধ্যেই হোল না।

সুবেশিনী। আচ্ছা তোমার reasons শুনি। পরে যদি সঙ্গত হয় বিবেচনা করা যাবে।

রমেশ। তবে শোন তার সঙ্গে আমার বনিবনাও নেই।

সুবেশিনী। নাইবা থাক্‌লো, আমার সঙ্গে ত আছে। কি বল সুকেশিনী?

সুকেশিনী। হাঁ বটেই ত।

রমেশ। তুমি আমি কি ভিন্ন?—কি বল উমেশ?

উমেশ। সত্যিই ত।

সুবেশিনী। ভিন্ন নই। তুমি খেলে কি আমার পেট ভরে? কি বল সুকেশিনী?

সুকেশিনী। Quite so.

রমেশ। তা যাও। বেশ, আমিও সেখেনে খুসী যাবো।

সুকেশিনী। বটে! তুমি আমি কি সমান?

রমেশ। হাঁ সমান।

সুকেশিনী। তুমি ত আমার ভারি অবাধ্য হচ্ছ! কি —বল সুকেশিনী?

রমেশ। আর উনি আমার ভারি বাধ্য!—কি বল উমেশ।

সুহাসিনীর প্রবেশ।

সুহাসিনী। কি তুমি এখেনে সুবেশিনী? আমি যে

পরেশ। ওহে সে ত ভাল। আমার অভ্যর্থনার সরঞ্জাম একেবারে এই— [অর্দ্ধচন্দ্র দেখাইলেন] দুয়োর খুল্লে না, উঠোনেতেই শুতে হোল।

রমেশ। তোমরা ত একরকম নির্ব্বিবাদে শুতে পেইছিলে। আমার গৃহিণী আমি ফিরে মাত্র 'চোর চোর' বলে কুকুর লেলিয়ে দিলে। আমি একেবারে দৌড়!—একটা বটতলায় রাত্রি যাপন।

উমেশ। [সুরেশকে] আর তোমার অবস্থা কি রকম হইছিল? তুমি যে কথা কচ্চ না!

সুরেশ। [কষ্টভাবে মাথা নাড়িলেন।]

রমেশ। কিছু হইছিল না কি?

সুরেশ। দাদা সে কথা আর শুনে কাজ নাই। সে কথা শুনলে শেয়াল কুকুরে কাঁদে।

সকলে। কেন? কি? কি?

সুরেশ। আর কি? একেবারে সম্মার্জ্জনী!—এই পিঠে—টিপে দেখো, লাগে।—আস্তে!—[পীঠ দেখাইলেন]

উমেশ। আহা করেছে কি?

সুরেশ। আমি বল্লুম এবারটা রাখো। তা আরও জোরে? উহু হু হু!!! [ক্রন্দন]

রমেশ। বস। কেঁদো না—

সুরেশ। আমি সেই রাত্তেই গিয়েই থানায় এজাহার দিয়ে এইছি।

পরেশ। বেশ করেছো।

সুরেশ। হাঁ আমি এখন মরিয়া হইছি।

রমেশ। কিন্তু এই বিপদের একটা পথ দেখতে হচ্ছে।

উমেশ। তখনি ত বলিছিলাম বাপু, কেঁচো খুঁড়তে খুঁড়তে সাপ বেরোবে। তা ত শুনলে না।

পরেশ। কি করা যায় বল দেখি—আর ত পারা যায় না।

সুরেশ। চল, emigrate করা যাক্। দেশ ছেড়ে চলে যাই। ওঁদের আর কোন তক্কাই রাখবো না।

উমেশ। যত সব উজবুগি প্রস্তাব। চাকরি ছেড়ে যাবে কোথায়? গিয়ে খাবে কি?—চল, এখন চল।

নিষ্ক্রান্ত।

---

## তৃতীয় দৃশ্য।

স্থান—চম্পটির আপিস কামরা। কাল—অপরাহ্ন।

[ পরিভ্রমণ সহকারে ]

চম্পটি। চেহারা খানা খুব জুতসৈ নয়। আর যত দূর দেখা গল, তাতে figure কোন রকম ত টের পাওয়া গেল না। আর বয়সটাও যেন একটু ওপর কোটায় পৌঁছিয়েছে।—তা হোক্। বাবা! লাখ টাকা, সোজা নয়। No joke!—হাসি ছাড়্ছি না। হুঃ practice!—আর practice কচ্ছিনে। এই রকম পায়ের উপর পা রেখে থাকবো। [ মুকুরে স্বীয় মূর্ত্তি দর্শিয়া] ঈশ্বর কিন্তু চেহারা খানা খুব দিইছিলেন। মরি মরি!—কি ভ্রূ! আর এই গোঁফ জোড়াটা grand! সকলের চেয়ে ভাল কিন্তু এই নাকটা,—একেবারে Grecian.—

চম্পটি। পড়ে যেত।—বুঝলে না?—fainted, মূর্চ্ছা যেত।

সরোজিনী। ভয়ে?

চম্পটি। Innocent creature! বুঝতে পাচ্ছে না! ভয়ে না। প্রেমে, প্রেমে।

সরোজিনী। বলেন কি?

চম্পটি। চেহারা খানা—রং একটু কালো বটে—কিন্তু চেহারা খানা সখি—এক বার চেয়ে দেখো?

সরোজিনী। [ নিরীক্ষণ করিয়া ] না :—বেশ চেহারা।

চম্পটি। এঃ মুস্কিল কল্লে। তুমিও প্রেমে পড়লে নাকি? দেখো তুমি প্রেমে পড়োনা যেন। আমি একা মানুষ, কত দিক সামলাবো।

সরোজিনী। না আমি সামলে গিইছি।

চম্পটি। বেশ করেছো।—এখন তোমার সখীর খবর কি?

সরোজিনী। তিনি এক খান চিঠি দিয়েছেন।

চম্পটি। চিঠি! letter! epistle!—By Damocles—দেও দেও! এতক্ষণ দেও নি?

সরোজিনী। সময় পেলাম কৈ এই নেন—[ প্রত্র প্রদান ]

চম্পটি। সখী!—তুমি ঐ চেয়ারে বোস। যেহেতু তুমি আমার প্রিয়তমার সখী, সেহেতু আমারও সখী—কিছু খাবে

সরোজিনী। আজ্ঞে না [ উপবেশন ]

চম্পটি। চা? toast? ডিম? roast? whisky? champagne? claret?—কিছু না?—আচ্ছা ঐখানে বোস। আমি চিঠি খানা পড়ে নেই—

সরোজিনী। পড়ুন।

ছোকটি। [পত্র পাঠ] Well; I never!—just the thing! হাঁ নিশ্চয়! সখি নিশ্চয়! সে বিষয়ে আর সন্দেহ আছে? Shake hands my dear. [হস্ত মর্দ্দন]

সৌদামিনী। ও কি! ছাড়ুন না।

ছোকটি। তাও ত বটে! এ দেশের ও প্রথা নয় বটে! Barbarous country কি না বল্‌বে!—তা হোক এখন—we meet under better stars.

সৌদামিনী। মনে থাকে যেন।

ছোকটি। মনে থাকবে।

[প্রস্থান]

ছোকটি। যা ভেবেছি তাই! দেখি প্রথম "প্রিয়তম" which being translated into civilised language means "O my darling!" "বঁধু কি আর কহিব আমি, জনমে জনমে জীবনে মরণে প্রাণনাথ হৈও তুমি—" কি কদর্য্য language! এর মানে কিন্তু বেশ বোঝা যাচ্ছে। "Be you my husband." এ বিষয়ে আর কথা! বাবা লাখ টাকা! সোজা নয়! তার পরে "দাসী শ্রীচরণে" আহা! যেন চিঠিখানাতে মধু ছড়িয়ে দিয়ে গিয়েছে। পিঁপড়ে লাগিনি ত? By Jove! it is luck!—তার পরে বিয়ের condition কি?—না আমি খৃষ্টান আর বিলেত ফের্‌তা অতএব কি না আমায় প্রায়শ্চিত্ত করতে হবে। পুঃ প্রায়শ্চিত্ত!—প্রায়শ্চিত্ত প্রায়শ্চিত্ত!—এ বিয়ের জন্যে যদি কেউ বলে "তোমরা হাওড়া ষ্টেশন থেকে সোনার দহ পর্য্যন্ত হারিসন রোড দিয়া গড়াতে গড়াতে যেতে হবে" আমি তাও স্বীকার। বাবা লাখ টাকা।

হবে—রেবেকা!—তাও ত বটে!—সে না মলে আমার বিয়ে হয় কেম করে? শেষে কি bigamyর chargeএ পড়বো!—দেখি রেবেকা কি বলে—Rebecca Rebecca.

## রেবেকার প্রবেশ।

রেবেকা। What dear.

চম্পটি। রেবেকা dear, তুমি মরো।

রেবেকা। মরো কি রকম!

চম্পটি। অর্থাৎ die. বুঝেছোনা dear! just go—and hang yourself like a good girl. There's is a dear! go.

রেবেকা। Why should I hang myself?

চম্পটি। যদি তোমার hangingএ আপত্তি থাকে, I would not insist on it. না হয় prussic acid খাও, কিম্বা railway engine, এর নীচে পড়, কিম্বা dynaimte দিয়ে তোমার brains উড়িয়ে দাও and thus die a civilised sort of death; dear. I have no objection to it. তুমি যদি এটা কর dear I shall be infinitely obliged to you ever afterwards.

রেবেকা। I don't care. মর্ত্তে আমার বিশেষ আপত্তি আছে?

চম্পটি। আছে না কি? তাও ত বটে। Oh by St. Augustine! তা আপত্তি ত থাক্‌তেই পারে দেখছি।—কিন্তু তবে এখন উপায়?

রেবেকা। কিসের উপায়?

নাপিতানী। মোদের নকল্লি কোরে ওজরাপে আর মন উঠেনা সই।

ধোপানী। মোরা চাই শয়ন কোরে নয়ন মুদে বিভোর হয়ে রই।

মেথুনী। নাই কি উপায় চাকরি করা যে—

ময়রাণী। বলি খেটে খেতে হইছিল কি টেঁকি এ চাঁদ মুখখানি।

নাপিতানী। হেলিয়ে নয়ন বাঁকা ঝলকে করি ভুবন জয়।

ধোপানী। আমরা বাঁধা আমীর উমীর কারে করিনাক ভয়।

মেথুনী। মোদের কিনা চাকরি করা সয়?

ময়রাণী। এখন কর্ত্তে হবে সহজ একটা নূতন উপায় আমদানি।

নাপিতানী। ঐ লো ঐ মধুর স্বরে বাজছে বাঁশি আর কি থাকা যায়।

ধোপানী। আহা বিধির ভুলে দ্বাপর যুগে জন্ম হইনি হায়।

মেথুনী। ওলো তোরাসব আসবি যদি আয়।

ময়রাণী। আমোরা সব হাসির ঘটায় রূপের ছটায় মাতিয়ে দেবো রাজধানী।

---

# চতুর্থ দৃশ্য।

স্থান—হাজরার আপিশ, কাল—দ্বিপ্রহর দিবা।

বিলাতফের্ত্তা সম্প্রদায়।

হাজরা। ওহে next congressটা বিলেতে হচ্ছে না কি।

চাকি। শুনেছি ত। It will be a sight.

পাঠক। এবার probably some Hindu ladies congress এ যাচ্ছেন।

চম্পটি। তা না গেলে চলবে কেন?—আমার বিশ্বাস ladies দের congress এ যোগ দেওয়া উচিত।

চন্দ্র। যা বোলেছ। না জাগিলে এত ভারত ললনা, এ ভারত আর জাগে না জাগে না।

হচ্ছে এই যে আমার বোঠাকরুনের যে বিয়ে করেছো তা অবগত আছেন নাকি ?

পাঠক। Indeed.

চাকি। Oh yes.

হাজরা। Certainly.

চন্দ্র। Just heard.

বিনোদ। গোলমাল করেন ক্যান ? শুনেন না তাঁহার সম্পত্তি আর তিনি পাইবেন ক্যান ? আইন অনুসারে ও সম্পত্তি আমি পাইমু।

সকলে। বটেই ত।

পাঠক। ও! এ ত case করতেই হবে old case.

অন্য সকলে। তা ত হবেই।

পাঠক। Yes, I will take up your case.

হাজরা। তোমাকে দিতে যাবে কেন, বিনোদের সঙ্গে আমার প্রথম আলাপ।

বিনোদ। তা ত বটেই, দেন্তা দৈত্য।

হাজরা। তা হলেই বা! He must eng ge the best council, ওহে আমি তোমার case নেবো।

বিনোদ। পড়ে আইন।

চন্দ্র। না বিনোদ বাবু আমি নেব।

বিনোদ। এই বেটা বেটা কচ্ছিলে, অমনি বিল্লু পাইবার আগে, এক মিনিটের মধ্যে আমি বিনোদ বাবু হইলাম যে।

চন্দ্র। বিনোদ বাবু আর যা হোক না হোক খুব বড় ঘরানা লোক। বিনোদ বাবু case টা আমাকে দেবেন।

জোরে ত কোন সুবিধে কর্ত্তে পাল্লুম না। widow র বিষয় হাতছাড়া হয়ে গেল—কে জান্‌ত যে বিধবা, বিয়ে কল্লেই, তার পূর্ব্বস্বামীর বিষয় হারাবে। আমি কোথায় লুকিয়ে বিয়ে কল্লাম, পাছে কেউ কেড়ে নেয়—তার এই ফল। পেটুকের এই দশাই হয়ে থাকে।—এই যে আমার নবীনা প্রেয়সী আস্‌ছেন।

[ ইন্দুমতীর প্রবেশ। ]

চম্পটি। কি বল।

ইন্দুমতী। তুমি কি বল।

চম্পটি। এবে from the frying pan থেকে to the fire হোলো।

ইন্দুমতী। সে কি?

চম্পটি। এই বুঝছো না? বিষয়টা হাতছাড়া হোয়ে গেল। আর আমার ঘাড়ের একটা বোঝা নামতে না নামতে আর একটা বোঝা এসে পড়লো।

ইন্দুমতী। তা আমি কি কর্ব্ব, আমার কি দোষ? তুমি আমায় বিয়ে কলে কেন?

চম্পটি। 'কেন' জানোনা? তোমাকে কি বিয়ে করিছিলাম? না তোমার টাকাকে বিয়ে করিছিলাম? তুমি ত একটা বিসর্গ। তা সে টাকা ত soda water এর carbonic acid এর মত চলে গেল। এখন তোমায় নিয়ে আমি কি করি?

ইন্দুমতী। তা আমি কি কোরে জানবো? তুমি আমায় এনেছ।

হেথা শুধুই প্রাণ-দান প্রতিদান যোগাযোগ হয়;
এ প্রেম অভিলাষ, আর বিশ্বাস, আর অভিমান নয়;
শুধু যৌবনস্বপন, বিরহ মিলন, চাহনি, চুম্বন ছাই।
এ প্রেম টাকার জমক, রূপের চমক, কুল, মান চায়;
এ প্রেম পূর্ণ হোলে আশ মিটলে পিয়াস, মিলায়ে যায়,
কেন চাস্ হেথা বল সে প্রেম অটল তারা সব স্থির;
সে সঙ্গীত মহান্ গগনের গান নয় এ পৃথিবীর।
তার দুএকটি স্বর—পথহারা স্বর—মাঝে মাঝে শোনা পাই?

---

চম্পটি। বাঃ এ গান গায় মন্দ নয় দেখছি [ভাবিয়া] এ রোজগার কর্ত্তে, হুঁ রোজগার কর্ত্তে। আমি বেটাই না খেয়ে মরি দেখছি—এরা আবার কারা আসে? এঁ—এ যে রেবেকা সশরীরে এবং সপরিবারে। নিশ্চয় ওর টাকা আদায় কর্ত্তে আস্‌ছে। কি করি!—এখন উপায়? [ভাবিয়া]—হুঁ এ উপায়টা মন্দ নয় [চীৎ হইয়া হস্তপদ নিক্ষেপ ও কাতরোক্তি]

[প্রস্থান]

সসন্তান রেবেকার প্রবেশ।

রেবেকা। কি? কি হয়েছে dear?

চম্পটি। [কাতরস্বরে] কে? কে?—দেখি কে?

রেবেকা। আমি রেবেকা তোমার divorced wife. তোমার কি হয়েছে? মাটিতে পড়ে' কেন?

চম্পটি। রেবেকা!—রেবেকা!—এসেছ?—এসেছো darling?

রেবেকা। হাঁ এসেছি বৈ কি! চেয়ে দেখ darling.

চম্পটি। এসে ত একবারে অন্তিম কালে এসে উপস্থিত! হুঃ—একটু আগে আসতে হয়! উঃ—বাবারে!

রেবেকা। কি হয়েছে dear ?

চম্পটি। Colic ?—একেবারে malignant colic—ডাক্তারে hopeless case বলে জবাব দিয়ে গিয়েছে। ওঃ রেবেকা। রেবেকা। Farewell—darling!—farewell—fare.—

রেবেকা। My darling, my darling !!আমি কি শেষে তোমার মৃত্যু দেখতে এইছিলাম ! ওঃ !—কাল আমি বিলেত যাচ্ছি,তাই তোমার কাছে বিদায় নিতে এইছিলাম। আর বল্‌তে এইছিলাম যে তুমি যে টাকা দিতে promise করিছিলে তার আর দরকার নেই। তা এসে দেখলাম কি যে তুমি মৃত্যুশয্যায়—ওহো—হো [ চক্ষে রুমাল দিয়া ক্রন্দন ]

চম্পটি। দর—কার—নেই ? —ওঃ—সত্য !—উঃ—রেবেকা—বিলেত যাচ্ছ ? টাকার দরকার নেই ?

রেবেকা। আমি এক rich aunt এর টাকা inherit করেছি। কাল Reformed Hindu ladies রা বিলেত যাচ্ছে আমিও তাদের সঙ্গে—ও কি ?

[ চম্পটি তড়াক করিয়া লাফাইয়া উঠিলেন ]

চম্পটি। হঃ সেরে গিয়েছে।

রেবেকা। কি সেরে গিয়েছে।

চম্পটি। Colic.

রেবেকা। এত শীগ্‌গির ?

চম্পটি। হাঁ তোমাকে দেখে colic সেরে গেল।—সত্যি কথা বল্‌তে কি তোমাকে না দেখেই colic টা হইছিল।

রেবেকা। Oh ! সব pretence বুঝিছি।

চম্পটি। বোঝো নাকি? By মহীরাবণ? খুব বুঝি ত—তা তোমাকে না দেখে ঠিক colic না হোক্—মনে বড় কষ্ট হইছিল।

রেবেকা। তোমার নূতন wife কৈ?

চম্পটি। ওকে বিদায় করে' দিয়েছি। সে আবার wife! —বাপো wife নৈলে কি wife?—কথায় বলে পুরোনো চাল ভাতে বাড়ে! বাঃ তোমার চেহারা খানি কি beautiful হয়েছে—ওঃ কি face!

রেবেকা। তবে তোমাদের বিয়ে হয় নি?

চম্পটি। পাল্লাম না—darling!—যেই তোমাকে মনে পড়্লো অমনি আর তাকে বিয়ে কর্ত্তে পাল্লাম না। তোমাকে না দেখে darling—[ক্রন্দন]।

রেবেকা। তবে টাকাও পাওনি?

চম্পটি। টাকা? তোমাকে ছেড়ে half of England এর রাজা হয়েও সুখ নেই। তোমাকে ছেড়ে টাকা? সে টাকায় আমি লাথি মারি, তার দিকে নাক সিঁটকেই—তার উপর থুথু ফেলি। বিয়ে কর্ত্তে গেলাম, আর অমনি তোমার চাঁদ মুখ মনে পড়লো আর—অমনি বল্লাম দূত্তর টাকা।

রেবেকা। সত্যি?

চম্পটি। বিশ্বাস কর না, ঐত তোমার দোষ। নৈলে—দেখো। আমি আগুনে পুড়তে পারি, সমুদ্রে ঝাঁপ দিতে পারি, parachute descent কর্ত্তে পারি কিন্তু তোমাকে ছেড়ে থাকতে পারিনে। চল তোমার সঙ্গে দিয়েও দেখে যাই। এ বেলাটা বেড়ায় গরম সহ্য হয় না।

রেবেকা। তবে আমাকে আবার বিয়ে কর্কে না কি?

চম্পটি। [স্বগত] করেই ত দেখছি আবার সেই bigamy কি করা যায়?—[প্রকাশে] হাঁ—সেখানে গিয়ে। তোমাকে পেয়ে বাঁচলাম। আঃ—রেবেকা?—কি face?—কি figure? darling! তোমার যে চির যৌবন রয়ে গেল?—আর ছেলেপিলে গুলোও—roses—perfect roses!—[পুত্র কন্যাদিগকে চুম্বন] এটা কি খেয়েছে—By Ajax! এটা কি ঠিক একেবারে রোজ কার মত?—কি eyelashes—বাঃ বড্ড আচ্ছা [নিষ্ক্রান্ত]

[বিনোদবেহারী ও সখীর প্রবেশ; হর্ষ প্রকাশক ভঙ্গী সহকারে নৃত্য ও প্রস্থান]

নব্যহিন্দুরমণীদিগের গীত।

দেখছো কি দেখছো, কি এ ছাই।
বঙ্গনারীর দলে জুটে যোগে বিলেত চোলে যাই।
কেন আর, খেঁচাখেঁচা খেঁচাখেঁচা (মিছে এ) কেঁচাকেঁচি কোপ।
কেন আর, কানাকানি টানাটানি (এবার ও) হিন্দুয়ানী লোপ;
এখন সব হিন্দুর দল হরি বল (এখন যা হবার হয়, তাই।
ছিলেন সব কুলধর্ম্মে খুব বর্দ্ধে (এক রকম) সুখে নিজ ধাম।
সেখানে কেন মিষ্টি—হা অদৃষ্ট (পোড়া এ) রাধাকৃষ্ণ নাম।
তবে যাই কৃষ্ণভাবী ব্রজবাসী (একবারে সব) ঘুচে আপদ বালাই।
ভেবেছিলে আপন কিছু সাধিবে বিয়ে (ও এখন) রূপসীর এ দশা?
ভেবেছিলে লুঠবে নিত্য মজাটী যে, (তার এই) হাতে হাতে ফল।
এখন যাও বাড়ি ফিরে ধীরে ধীরে (দেখছি যে) ফুরলো বেশী হাই।